ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার



আইনজীবীর চুরি যাওয়া ফোন থেকে শাহরুখকে হত্যার হুমকি

পৃঃ ৫

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

বাবরকে যে পরামর্শ দিলেন পন্টিং

পৃঃ ৬



Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩০৬ ● কলকাতা ● ২৮ কার্তিক, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ১৪ নভেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## মনের সুখে দিচ্ছিলেন ছাপ্পা ভোট!

# হাতেনাতে ধরা পড়তেই আটক মাদারিহাটের বিজেপি প্রার্থী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সকাল থেকেই শুরু হয়েছে ভোট যুদ্ধ! আরজিকর কান্ডের পর আজ রাজ্যের প্রথম ভোট। বুধবার রাজ্যের মোট পাঁচটি জেলার ছয়টি কেন্দ্র চলছে উপনির্বাচন। নির্বিঘ্নে নির্বাচন করার জন্য সকাল থেকেই প্রত্যেকটি ভোট-কেন্দ্র নিশ্ছিদ্র নিরাপত্তায় মুড়ে ফেলা হয়েছে।ভোটের দিনেই মেদিনীপুরের ভোটারদের খাবার দিচ্ছিল বিজেপি ।এই ঘটনায় বিজেপির বিরুদ্ধে বিধি ভঙ্গের অভিযোগ এনেছে তৃণমূল। নির্বাচনের দিনেই নৈহাটির বিজেপি প্রার্থী রূপক পাত্র ভোটের প্রচারে বেরিয়ে ছিলেন। এই খবর জানাজানি হতেই তার বিরুদ্ধেও ওঠে বিধি ভঙ্গের অভিযোগ। ইতিমধ্যেই এই অভিযোগ তুলে তার বিরুদ্ধে সরব হয়েছে তৃণমূল।অশান্তি রুখতেই পুলিশের সাথে মোতায়েন করা হয়েছে ১১২ কোম্পানি আধা সেনা। শান্তি বজায় রাখতে বদ্ধপরিকর নির্বাচন কমিশন-ও। কিন্তু তারপরেও নিরাপত্তার ফাঁকফোকড় গলেই রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে উঠে আসছে একের পর এক বিক্ষিপ্ত অশান্তির খবর।

এরই মধ্যে সাড়ে বারোটা নাগাদ বুথের দরজা বন্ধ করে ছাপ্পা ভোট দেওয়ার অভিযোগ উঠেছে বিজেপি প্রার্থী রাহুল লোহারের বিরুদ্ধে। ইচ্ছামতো ছাপ্পা দেওয়ার অভিযোগে ইতিমধ্যে আটক করা হয়েছে মাদিরহাটের এই বিজেপি প্রার্থীকে।খবর জানাজানি হতেই এই বিজেপির প্রার্থীকে ঘিরে স্থানীয় বাসিন্দারা বিক্ষোভ দেখাতে শুরু করেন।

আচমকা ভোট চলাকালীন নৈহাটির ভাটপাড়া কেঁপে ওঠে গুলির শব্দে। এই গোলাগুলিতে মৃত্যু হয় তৃণমূল নেতা অশোক সাউয়ের। সকাল থেকে এখনও পর্যন্ত রাজ্যের যে ছয়টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন হচ্ছে সেখান থেকে নির্বাচন কমিশনের কাছে মোট ৪১ টি অভিযোগ জমা পড়েছে। এর মধ্যে ১৬টি অভিযোগ বিজেপির।

## দার্জিলিংএ সরস মেলা'র উদ্বোধন ও একাধিক প্রকল্পের

# শিল্যানাস করলেন মুখ্যমন্ত্রী করলেন মমতা বন্দ্যোপাধ্যায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দার্জিলিং চৌরাস্তায় অনুষ্ঠিত 'সরস মেলা'র উদ্বোধন করেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নবান্ন সূত্রে জানা গেছে, তিনি দুপুর ৩টা নাগাদ এই মেলার উদ্বোধন করেন। দু'দিনের পাহাড় সফর শেষে মমতা আগামিকাল বৃহস্পতিবার শিলিগুড়ি হয়ে কলকাতায় ফিরে আসবেন। কলকাতায় ফিরে আগামী শুক্রবার, ১৫

**বেবি চক্রবর্ত্তী: দার্জিলিং**

নভেম্বর, বীরসা মুন্ডার ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষে রাজারহাটে আদিবাসী ভবনে একটি অনুষ্ঠানে যোগ দেবেন তিনি।হাড়ের উন্নয়ন পর্ষদগুলির কাজকর্মের ওপর তদারকি ও নজরদারি করতে একটি নতুন কমিটি গঠন করলেন মমতা বন্দ্যোপাধ্যায়। এই কমিটির নেতৃত্ব দেবেন গিরিডি টাউন এডমিনিস্ট্রেটিভ (জিটিএ) প্রধান অনীত থাপা (চেয়ারম্যান) এবং মিরিক পুরসভার পুরপ্রধান লালবাহাদুর রাই (ভাইস চেয়ারম্যান)। এছাড়া, দার্জিলিং ও কালিম্পং জেলার দুই জেলাশাসকও কমিটিতে যুক্ত থাকবেন।উন্নয়ন কাজে ঢিলেমি ও অনিয়মের অভিযোগে ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পাহাড়ের বিভিন্ন জনগোষ্ঠীর উন্নয়ন পর্ষদ পুনর্গঠনের নির্দেশ দিয়েছেন। মঙ্গলবার বিকেলে দার্জিলিংয়ের রিচমন্ড হিলের কনফারেন্স রুমে জিটিএ এবং ১৭টি উন্নয়ন পর্ষদের প্রতিনিধিদের সঙ্গে জরুরি বৈঠকে এই সিদ্ধান্ত নেন মুখ্যমন্ত্রী।বৈঠক শেষে নিজেই তিনি পর্ষদ পুনর্গঠনের ঘোষণা দেন, পাহাড়ের উন্নয়ন ত্বরান্বিত করতে প্রশাসনিক কার্যকরীতায় গুরুত্ব দেওয়ার আহ্বান জানান।

## চুরি হয়নি মিঠুনের মানিব্যাগ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঝাড়খণ্ডে বিজেপির নির্বাচনী প্রচারে গিয়েছিলেন মিঠুন চক্রবর্তী। সেখানেই চুরি হয়ে গিয়েছে তাঁর মানিব্যাগ। এমন অভিযোগ উঠেছিল। কিন্তু বিজেপির ধানবাদ জেলা সভাপতি এই অভিযোগ মানতে নারাজ। সংবাদ সংস্থা পিটিআইকে তিনি জানিয়েছেন 'আসল ঘটনা'।প্রসঙ্গত, ঝাড়খণ্ডে মোট ৮২ আসনে বিধানসভা নির্বাচন। মোট ভোটার প্রায় আড়াই কোটি। তাঁদের মধ্যে ৬৬.৪ শতাংশ তরুণ। ২০১৯ সালের বিধানসভা নির্বাচনে ৪৭টি আসনে জয়লাভ করেছিল হেমন্ত সোরেনের ঝাড়খণ্ড মুক্তি মোর্চা। এবার সেই রাজ্যে ক্ষমতায় আসতে মরিয়া বিজেপি। জনসমর্থন টানতে প্রচারের শেষবেলায় হাজির হন 'ডিস্কো ডান্সার' মিঠুন চক্রবর্তী। তাঁকে দেখতে ভিড়ও জমেছিল। তারকাকে চোখের দেখা দেখতে ভিড়

এরপর ৩ পাতায়


মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে চারটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১



আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা







আবাসিক শিক্ষক চাই
বায়োলজি এমএসসি অনার্স ও একজন কম্পিউটার টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে


❖ সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫

❖ নিউ বিশ্বাস জেরক্স
মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৬০৯০৮২৪১৬

❖ আদর্শ শিশু নিকেতন
ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০

❖ সাগরিকা লাইব্রেরী
বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭

❖ আরফান আলি বিশ্বাস
দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬



# লাইনচ্যুত ১১টি বগি, দিল্লী-চেন্নাই রুটে যান চলাচল বন্ধ



**দিল্লি : নিউজ সারাদিন :** ফের লাইনচ্যুত ট্রেনের কামরা। তেলেঙ্গানার পেদ্দাপল্লি জেলায় একটি মালগাড়ির ১১টি বগি লাইনচ্যুত হওয়ায় রেল চলাচলে ব্যাপক বিঘ্ন সৃষ্টি হয়েছে। তথ্য অনুযায়ী, গাজিয়াবাদ থেকে কাজিপেটগামী এই পণ্যবাহী ট্রেনটি লোহার কয়েল বহন করছিল। যখন এটি পেদ্দাপল্লি জেলার রাঘবপুর এবং কান্নালের মধ্যে বিধ্বস্ত হয়।এই দুর্ঘটনার পর ঘন্টার পর ঘন্টা ট্রেন আটকে থাকায় দিল্লী ও চেন্নাইয়ের মধ্যে যান চলাচল ব্যাহত হয়।

মালগাড়ির ১১টি বগি লাইনচ্যুত হওয়ায় দিল্লী-চেন্নাই প্রধান রেলপথে ট্রেন চলাচল সম্পূর্ণভাবে ব্যাহত হয়েছে। শুধু সুপারফাস্ট এক্সপ্রেস ট্রেনই নয়, এক্সপ্রেস, যাত্রীবাহী ট্রেন এবং অন্যান্য পণ্যবাহী ট্রেনও ট্র্যাকে আটকে আছে। এই সময়ের মধ্যে যাত্রীদের অনেক সমস্যায় পড়তে হয়েছিল এবং অনেক ট্রেনের গতি খুব ধীর হয়ে যায় এবং মাঝপথে থেমে যায়।

দুর্ঘটনার পর রেল প্রশাসন ঘটনার খবর পেয়ে সঙ্গে সঙ্গে রেল কর্মচারীদের একটি দল ঘটনাস্থলে পৌঁছে। যত দ্রুত সম্ভব রাস্তা খুলে দিতে শ্রমিকরা মেরামতের কাজ শুরু করেন। তবে এই দুর্ঘটনার কারণে যানবাহন বিলম্বের কারণে অনেক ট্রেন তাদের নির্ধারিত সময়ের চেয়ে ঘন্টা পিছিয়ে চলতে শুরু করে। যাত্রীদের নিরাপত্তার কথা মাথায় রেখে আগামী কয়েক ঘন্টার মধ্যে এই দুর্ঘটনা মোকাবেলায় বেশ কিছু ব্যবস্থা নেয় রেল প্রশাসন। এই ঘটনা রেলওয়ের নিরাপত্তা ব্যবস্থা নিয়েও প্রশ্ন তুলেছে কারণ মালগাড়ির বড় দুর্ঘটনার কারণে যাত্রী ও পণ্যবাহী যানবাহনের সময় ও মালামাল ক্ষতিগ্রস্ত হয়। বিষয়টির গুরুত্ব বিবেচনা করে রেলওয়ে প্রশাসন এ দুর্ঘটনার তদন্ত শুরু করেছে যাতে ভবিষ্যতে এ ধরনের দুর্ঘটনা এড়ানো যায় এবং রেল চলাচল আরও নিরাপদ করা যায়।

# উপনির্বাচনে আজ ভাগ্যের পরীক্ষা দিচ্ছেন প্রিয়াঙ্কা গান্ধী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা উপনির্বাচনে ভারতের কেরালার 'ওয়েনাড' আসনে ভাগ্য পরীক্ষা হচ্ছে কংগ্রেস প্রার্থী প্রিয়াঙ্কা গান্ধীর। আজ বুধবার এই কেন্দ্রটিতে উপনির্বাচন নেওয়া হচ্ছে। এদিন স্থানীয় সময় সকাল ৭টায় ভোট গ্রহণ শুরু হয় যা চলবে সন্ধ্যা ৬টা পর্যন্ত। চলতি বছরের এপ্রিল-মে মাসে অনুষ্ঠিত ভারতের লোকসভা নির্বাচনে কেরালার 'ওয়েনাড' কেন্দ্রের পাশাপাশি উত্তরপ্রদেশের 'রায়বেরেলি' কেন্দ্র থেকে নির্বাচনে লড়েছিলেন প্রিয়াঙ্কার ভাই কংগ্রেস নেতা রাহুল গান্ধী। দুটি কেন্দ্র থেকেই সাড়ে তিন লাখের বেশি ভোট পেয়ে তিনি বিজয়ী হয়েছিলেন। সেক্ষেত্রে 'রায়বেরেলি' আসনটি নিজের দখলে রেখে 'ওয়েনাড' আসন থেকে পদত্যাগ করেন। ফলে ওই কেন্দ্রটিতে উপনির্বাচন জরুরি হয়ে পড়ে। সেখানে প্রার্থী করা হয় লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীর বোন প্রিয়াঙ্কাকে। সেক্ষেত্রে এই প্রথম নির্বাচনী ময়দানে হাতে খড়ি (Debut) হলো প্রিয়াঙ্কার। এর আগে ২০১৯ সালে নির্বাচনেও এই কেন্দ্র থেকে বিপুল ভোটে জয়ী হয়েছিলেন রাহুল গান্ধী। এবার রাহুলের জয়ের ব্যবধান ছিল ৪.৩০ লাখ ভোট। স্বভাবতই প্রিয়াঙ্কার কাছে এখন নতুন চ্যালেঞ্জ- কংগ্রেসের শক্ত ঘাঁটি বলে পরিচিত এই ওয়েনাড কেন্দ্রটি নিজেদের দখলে ধরে রাখতে পারবেন কিনা, অন্যদিকে ভাইয়ের থেকে নিজের জয়ের ব্যবধান বাড়াতে পারবেন কিনা সেটাই এখন দেখার! উপ নির্বাচনের পাশাপাশি দেশটির ঝাড়খণ্ড রাজ্যে বিধানসভার নির্বাচন চলছে। রাজ্যটির ৮১টি বিধানসভা আসনের জন্য প্রথম দফায় এদিন ৪৩ আসনে ভোট নেওয়া হচ্ছে। এ দফায় ৬৮৩ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ হবে। মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের নেতৃত্বে রাজ্যটিতে জোট সরকারের আছে 'ঝাড়খণ্ড মুক্তি মোর্চা' (জেএমএম), কংগ্রেস এবং 'রাষ্ট্রীয় জনতা দল' (আরজেডি)। জোটের প্রত্যাশা এবারেও উপজাতি অধ্যুষিত রাজ্যটিতে তারা দ্বিতীয়বারের জন্য ক্ষমতায় আসবে। বিরোধী 'জাতীয় গণতান্ত্রিক জোট' (এনডিএ) জোটের অন্য শরিক দলগুলি হলো বিজেপি, জনতা দল ইউনাইটেড (জেডিইউ), অল ঝাড়খন্ড স্টুডেন্টস ইউনিয়ন (এজেএসইউ)। দ্বিতীয় দফায় আগামী ২০ নভেম্বর ৩৮ আসনে ভোট নেওয়া হবে। প্রতিটি কেন্দ্রেই ভোট গণনা আগামী ২৩ নভেম্বর।






# চিকিৎসককে সাতবার
## ছুরিকাঘাত করল রোগীর ছেলে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চেন্নাইয়ের একটি হাসপাতালে তামিলনাড়ুর এক সরকারি চিকিৎসককে সাতবার ছুরিকাঘাত করেছেন এক যুবক। যার মার ক্যান্সারের চিকিৎসা করছিলেন ওই চিকিৎসক। হামলাকারীকে গ্রেপ্তার করা হয়েছে। বুধবার (১৩ নভেম্বর) সকালে চেন্নাইয়ের গুইন্ডি এলাকার কালাইনার সেন্টেনারি হাসপাতালের বহির্বিভাগে (ওপিডি) এ হামলার ঘটনা ঘটে। হামলার

এরপর ৩ পাতায়






# বিরাটী আবাসনে জগদ্ধাত্রী পূজা সম্পন্ন



**কলকাতা : নিউজ সারাদিন :** পশ্চিমবঙ্গ সহ সারাদেশে জগদ্ধাত্রী পূজার প্রচলন দ্রুত বাড়ছে। প্রতি বছরের মতো এ বছরও বিরাটি আবাসনে জগদ্ধাত্রী পূজার আয়োজন করা হয়েছে। নিমতা থানা এলাকার বিরাটী আবাসনে জগদ্ধাত্রী পুজোর আয়োজন করেছে দত্ত পরিবার। উপরোক্ত তথ্য প্রদান করে, সেন্ট জন অ্যাম্বুলেন্স ব্রিগেড পশ্চিমবঙ্গ জেলার ডেপুটি কমিশনার ডঃ বাবুল কুমার দত্ত বলেন যে এটি পূজার ১৬ তম বছর এবং এটি বিরাটী আবাসনের দ্বারা আয়োজিত প্রথম জগদ্ধাত্রী পূজা। উক্ত সময়ে উপস্থিত ছিলেন দত্ত পরিবারের উমা দত্ত, শুভাশেক দত্ত ও সুদেষ্ণা দত্ত।

# হরিনাম সংকীর্তনের মাধ্যমে
## শুরু রাস উৎসবে মহাপ্রভু পূজার উদ্বোধন



অভিজিৎ সাহা, নদিয়া

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে এই নাম সংকীর্তনের মাধ্যম দিয়ে প্রতিবছরের মতো এই বছরও নবদ্বীপের রাস উৎসবের শুভ সূচনা হল। নবদ্বীপ বড়ালঘাটের পবিত্র ময় সেনগুপ্ত রোডের ঐতিহ্যপূর্ণ রাস উৎসবের মহাপ্রভুর মূর্তি উদ্বোধন করলেন নবদ্বীপের পৌরপতি বিমান কৃষ্ণ সাহা, জন্মস্থান আশ্রমের মহারাজ অদ্বৈত দাস বাবাজি। মহাপ্রভুর বিগ্রহে আবরণ উন্মোচন মাল্যদান এবং প্রদীপ প্রজ্জ্বলন মাধ্যম দিয়ে শুভ সূচনা হলো নবদ্বীপের ঐতিহ্যমন্ডিত রাস উৎসবের। উদ্বোধনী অনুষ্ঠানের সকল অতিথিদের বরণ করে নেওয়া হয়। সমস্ত অতিথীরা মহাপ্রভুর চরণে পুষ্প নিবেদন করেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর পুরোপতি বিমান কৃষ্ণ সাহা বলেন ঐতিহ্যপূর্ণ রাস পূজার নবমী, আড়ং এবং কার্নিভাল যাতে সুষ্ঠুভাবে সম্পূর্ণ হয় সেজন্য সকলের কাছে আহ্বান জানান। নবদ্বীপের শ্রীবৃদ্ধির যাতে ভিন্ন না ঘটে, মাদক বর্জন রাসের জন্য পদযাত্রা করেছেন বিধায়ক, সুস্থ সম্পূর্ণ রাস উৎ সব বহিরাগত তীর্থযাত্রীদের যাতে কোনো রকম নিরানন্দের কারণ না হয় সেদিকে আমাদের সকল নবদ্বীপবাসীকে লক্ষ্য রাখতে হবে এই বার্তা দেন। ১২ তারিখ মঙ্গলবার শুভ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বউবাজার চিন্তামণি কুঞ্জের অধ্যক্ষ প্রভুপাদ কৃষ্ণেন্দু চক্রবর্তী, বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর, উপ-পুরপতি শচীন্দ্র বসাক, শিক্ষক কবি জনাব সিরাজুল ইসলাম সহ বিভিন্ন ব্যক্তিবর্গ। সমগ্র অনুষ্ঠানটির সঞ্চালনা করেন শিক্ষক কাউন্সিলর সুজিত সাহা।

একই দিনে নবদ্বীপের প্রাণকেন্দ্র পোড়া মা প্রাঙ্গণের রয়েল সোসাইটির মহিষমর্দিনী পূজার উদ্বোধন হয় এই দিন সন্ধ্যায়। চারদিনব্যাপী এই মহিষমর্দিনী পূজা অনুষ্ঠিত হয়। বনচারি বাগান গঙ্গা মাতা বারোয়ারী ১০৭ তম বর্ষে পদার্পণ করল, মালঞ্চ পাড়া আমবাগান ১৬ নম্বর ওয়ার্ডের ইয়ং ব্লাড ক্লাব এর যুগল মিলন ৬২ তম বর্ষে পদার্পণ করল। ফাঁসিতলা কৃষ্ণ কালীমাতা, প্রাচীন মায়াপুর সাউথ ভারতমাতা পূজা, ষষ্ঠীতলার অন্নপূর্ণা পূজা, দক্ষিণ বঙ্গপাড়ার সংগঠনিক ক্লাবের মহিষমর্দিনী, কুটিরপাড়া মুক্তি

এরপর ৩ পাতায়

উপনির্বাচন চলাকালীন

# নৈহাটির ভাটপাড়ায় তৃণমুল ওয়ার্ড সভাপতি কে গুলি করে হত্যা করল দুস্কৃতি দল

বেবি চক্রবর্তী: নৈহাটী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সকলের নজর উপনির্বাচন। আজ বাংলার ৫ জেলার ছয় আসনে উপনির্বাচন। সকাল থেকেই শুরু হয়েছে ভোটগ্রহণ। আর তার সাথে দিকে দিকে অশান্তির খবর। নৈহাটিতে উপনির্বাচন চলাকালীনই ভাটপাড়ায় তৃণমূল ওয়ার্ড সভাপতিকে লক্ষ্য করে গুলি চালানোর অভিযোগে ধুন্ধুমার।অভিযোগ, দুষ্কৃতীরা বাইকে এসে তৃণমূল নেতাকে গুলি চালায়। একই সাথে বোমাবাজিও অভিযোগ উঠেছে। গুলিবিদ্ধ তৃণমূল নেতার নাম অশোক সাউ। তিঁনি ২০১৯ সালে ১২ নম্বর ওয়ার্ডের তৃণমূলের সভাপতি ছিলেন। বুধবার সকালে এলাকায় একটি চায়ের দোকানে চা খাচ্ছিলেম অশোকবাবু। সেও দোকানে ঢুকে তৃণমূল নেতাকে গুলি চালায়। চায়ের দোকানের জিনিসপত্র তছনছ করে তৎক্ষণাৎ পালিয়ে যায় দুষ্কৃতীরা।অশোকবাবুর গায়ে গুলি লাগে। তড়িঘড়ি তৃণমূল নেতাকে উদ্ধার করে নিয়ে ভাটপাড়া স্টেট জেনারেল হাসপাতালে ভর্তি করানো হয়। তবে অবস্থার আরও অবনতি হয়। পরে অবস্থার অবনতি হওয়ায় কলকাতায় স্থানান্তর করা হয় গুলিবিদ্ধ তৃণমূল কর্মীকে। সেখানেই তার মৃত্যু হয়েছে বলে খবর।ইতিমধ্যেই গোটা ঘটনার তদন্তে নেমেছে পুলিশ। কে বা কারা এই ঘটনার সঙ্গে যুক্ত তা খতিয়ে দেখা হচ্ছে। রাজনৈতিক কোনো ঘটনার জেরে আক্রমণ কিনা তাও খতিয়ে দেখা হচ্ছে। তৃণমূল নেতা পার্থ ভৌমিকের অভিযোগ ঘটনার নেপথ্যে অর্জুন সিং। ওদিকে পাল্টা অর্জুনবাবুর দাবি, রাজনীতির কোনো যোগ নেই। এই ঘটনা বন্ধুদের গোলমাল। ওদিকে খুনের ঘটনায় প্রশাসনের কাছে রিপোর্ট তলব করল কমিশন।

# বন্দুকযুদ্ধে নিহত ১০, কারফিউ জারি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মণিপুরের জিরিবাম জেলায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে বন্দুকযুদ্ধে অন্তত ১০ সন্দেহভাজন কুকি বিদ্রোহী নিহত হয়েছেন। একজন পুলিশ সদস্য আহত হয়েছেন।কারফিউ জারি করা হয়েছে। মঙ্গলবার (১২ নভেম্বর) সূত্রের বরাত দিয়ে

এরপর ৩ পাতায়

২ পাতার পর

## বন্দুকযুদ্ধে নিহত ১০, কারফিউ জারি

ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদনে এ বিষয়ে জানানো হয়েছে।

সূত্র জানিয়েছেন, এ বন্দুকযুদ্ধে আসামের সীমান্তবর্তী জেলায় সন্দেহভাজন কুকি বিদ্রোহীদের হামলায় সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সের (সিআরপিএফ) এক সদস্য আহত হয়েছেন। তাকে চিকিৎসার জন্য আসামের শিলচর মেডিকেল কলেজে নেওয়া হয়েছে।

তা ছাড়া জিরিবামের একটি বাড়ির ভেতর থেকে দুজন বৃদ্ধের মরদেহ উদ্ধার করা হয়েছে। ধারণা করা হচ্ছে, সন্দেহভাজন বিদ্রোহীরা তাদের বাড়িতে আগুন ধরিয়ে দিয়েছিল। এতে তারা মারা গেছেন।

সন্দেহভাজন কুকি বিদ্রোহীরা জিরিবামে একটি পুলিশ থানার দুই দিক ঘেরাও করে ব্যাপক হামলা চালানো শুরু করার পর নিরাপত্তা বাহিনীর সঙ্গে তাদের সংঘর্ষের সূত্রপাত হয়। পুলিশ থানার পাশেই অভ্যন্তরীণভাব বাস্তুচ্যুতদের জন্য একটি ত্রাণশিবির রয়েছে। হামলাকারীরা হয়তো ওই ত্রাণশিবিরেও হামলা করতে চেয়েছিল বলে ধারণা করা হচ্ছে।

জিরিবাম থেকে এক পুলিশ কর্মকর্তা ফোনে এনডিটিভিকে জানিয়েছেন, হামলাকারীরা সম্ভবত অটোরিকশায় এসেছিলেন। সাম্প্রতিক মাসগুলোতে জিরিবামের বরোবেক্রার এই থানাটিকে বেশ কয়েকবার লক্ষ্যবস্তু করা হয়েছে।

সন্দেহভাজন কুকি বিদ্রোহীরা থানায় হামলা চালানোর পর এর থেকে প্রায় ৪০০ মিটার দূরে জাকুরাদোর কারোংয়ের একটি ছোট বসতির দিকে ছড়িয়ে পড়ে। আর সেখানকার বাড়িঘরে আগুন ধরিয়ে দিতে শুরু করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য জিরিবামে অতিরিক্ত বাহিনী পাঠিয়েছে সিআরপিএফ।

# এবার ঢাকার রাস্তায় মোল্লা ইউনূসের 'অন্তরঙ্গ বান্ধবী'কে হেনস্থা ক্ষুব্ধ জনতার



ঢাকা: নিউজ সারাদিন : তালিবানিদের বিরুদ্ধে ভয় কাটিয়ে উঠছে বাংলাদেশের সাধারণ মানুষ। বুধবার (১৩ নভেম্বর) দুপুরে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানের (নিটোর) জরুরি বিভাগের সামনে কোটা আন্দোলনে আহতদের পরিজনদের হাতে হেনস্থা হতে হল মোল্লা মুহাম্মদ ইউনূসের 'অন্তরঙ্গ বান্ধবী' তথা স্বাস্থ্য উপদেষ্টা নূরজাহান বেগমকে।উল্লেখ্য, গত বৃহস্পতিবারই আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) বৈঠক শেষে দেশে ফেরার মুখে সুইৎজারল্যান্ডের জেনেভা বিমানবন্দরে প্রবাসী বাংলাদেশিদের বিক্ষোভের মুখে পড়েন অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল। তাকে ঘিরে ধরে চলে চড়-ঘুষি এবং ধাক্কা মারা। দেখানো হয় কালো পতাকাও। কোনও ক্রমে বিক্ষোভকারীদের হাত থেকে পালিয়ে বিমানবন্দরের সুরক্ষিত এলাকায় ঢুকে যান আসিফ। যেভাবে ঘরে এবং বাইরে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টাদের বিরুদ্ধে সাধারণ মানুষ গর্জে উঠছেন তা অশনিসঙ্কেত বলেই মনে করছেন রাজনৈতিক পর্যবেক্ষকরা।তাঁকে ঘিরে ধরে চলে বিক্ষোভ। এমনকি যে সরকারি গাড়িতে চেপে তিনি হাজির হয়েছিলেন, সেই গাড়িও আটকে রাখেন বিক্ষোভকারীরা। মারধর খাওয়ার আগেই অবশ্য পুলিশি সহযোগিতায় ব্রিটিশ রাষ্ট্রদূতকে সঙ্গে নিয়ে এলাকা ছাড়েন তিনি। রাজনৈতিক পর্যবেক্ষকরা ওই ঘটনাকে মোল্লা ইউনূস সরকারের পক্ষে অশনিসঙ্কেতই মনে করছেন।

এদিন সকাল সাড়ে ১১টার দিকে বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ রাষ্ট্রদূত সারাহ কুককে সঙ্গে নিয়ে নিটোর পরিদর্শনে যান অন্তর্বর্তী সরকারেরর স্বাস্থ্য উপদেষ্টা নূরজাহান বেগম। সঙ্গী ছিলেন মোসাহেব সাংবাদিককুল। চতুর্থ তলার পুরুষ ওয়ার্ড ঘুরে, পোজ দিয়ে ছবি তুলে হাসপাতাল ছেড়ে বেরিয়ে যাওয়ার চেষ্টা করেন। আর স্বাস্থ্য উপদেষ্টার ওই নাটুকেপনা দেখেই ক্ষোভে ফেটে পড়েন তিন তলার ওয়ার্ডে থাকা আহতদের পরিজনরা। সঙ্গে সঙ্গেই দৌড়ে নিচে নেমে আসেন তারা। স্বাস্থ্য উপদেষ্টার গাড়ি আটকে দেন। আন্দোলনে আহতদের একজন গাড়ির সামনে বসে পড়েন। আরেকজন উঠে পড়েন গাড়ির বনেটে। বেশ কয়েক জন গাড়িতে কিল-ঘুষিও মেরে ক্ষোভ দেখাতে থাকেন। চালক-সহ অন্যদের গাড়ি থেকে নামিয়ে দেন। মোল্লা ইউনূসের সঙ্গে অবৈধ সম্পর্ক নিয়েও নূরজাহান বেগমকে টিপ্পনি ছুড়তে থাকেন। শেষ পর্যন্ত পুলিশ কোনও ক্রমে স্বাস্থ্য উপদেষ্টা ও ব্রিটিশ রাষ্ট্রদূতকে অন্য একটি গাড়িতে চাপিয়ে নিয়ে বেরিয়ে যায়। আর তাতেই ক্ষোভে ফেটে পড়েন বিক্ষোভকারীরা। স্বাস্থ্য উপদেষ্টার গাড়ির পাশাপাশি প্রটোকলে থাকা পুলিশের গাড়িও আটকে দেয় এবং রাস্তা অবরোধ করে।

১ পাতার পর

# চুরি হয়নি মিঠুনের মানিব্যাগ

করেছিলেন করছিলেন আমজনতা। তার মধ্যেই মানিব্যাগ নিয়ে তুলকালাম কাণ্ড বাঁধে।মঙ্গলবার ঝাড়খণ্ডের ধানবাদ জেলার নিরসায় বিজেপি প্রার্থী অপর্ণা সেনগুপ্তর প্রচারে গিয়েছিলেন মিঠুন।অভিযোগ, প্রচার চলাকালীন 'মহাগুরু'র মানিব্যাগ খোয়া যায়। এই খবর চাউর হতেই বিজেপি নেতৃত্ব মঞ্চ থেকেই মাইকিং করে বিষয়টি জানায়। ঘটনায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়। মঞ্চ থেকে ঘোষণা করা হয়, "যো ভি মিঠুনদা কা মানিব্যাগ লিয়া হ্যায়, ওহ আকে লওটা দিজিয়ে। উস মে মিঠুনদা কা জরুরি কাগজ হ্যায়। (যে মিঠুনদার মানিব্যাগ নিয়েছেন, ফিরিয়ে দিন। ওতে ওঁর জরুরি কাগজ আছে)।"এই ঘোষণার ভিডিও সোশাল মিডিয়াতেও ছড়িয়ে পড়ে। তবে চুরির অভিযোগ মানতে নারাজ বিজেপির ধানবাদ জেলা সভাপতি ঘনশ্যাম গ্রোভার। তাঁর দাবি, কিছুক্ষণের জন্য মিঠুনের মানিব্যাগটি খুঁজে পাওয়া যাচ্ছিল না। সেই সময় সকলেই খুঁজতে থাকে। কিছুক্ষণ বাদেই মানিব্যাগটি পাওয়া গিয়েছিল।




## ট্রাম্পের নতুন প্রশাসনে
# ইসরায়েলে মার্কিন রাষ্ট্রদূত হচ্ছেন যিনি



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : নির্বাচনে ভূমিধস জয়ের পর এখন প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে কর্মকর্তাদের নিয়োগের সিদ্ধান্ত নিচ্ছেন নবনির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

এরই অংশ হিসেবে আরকানসাসের সাবেক গভর্নর এবং পশ্চিম তীরে ইহুদি বসতি স্থাপনের কট্টর সমর্থক মাইক হাকাবিকে ইসরায়েলে পরবর্তী মার্কিন রাষ্ট্রদূত হিসেবে মনোনীত করার সিদ্ধান্ত ঘোষণা করেছেন ট্রাম্প।

মঙ্গলবার সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে ট্রাম্প এক বিবৃতিতে বলেন, "তিনি (মাইক হাকাবি)

এরপর ৪ পাতায়

২ পাতার পর

# হরিনাম সংকীর্তনের মাধ্যমে শুরু রাস উৎসবে মহাপ্রভু পূজার উদ্বোধন

সূর্য ক্লাবের ভারত মাতা, বাবলারি পঞ্চায়েতের সিদ্ধেশ্বরী পাড়ার স্মৃতি সংঘের যুগল মিলন, ওলাদেবী তলার সবুজ সংঘের থিম পূজার সপ্তিক মহাদেব, আগমেশ্বরী পাড়ার মহিষমর্দিনী, রয়েল ক্লাবের পার্থসারথি বিভিন্ন পূজার উদ্বোধন করা শুরু হয়েছে বারই নভেম্বর থেকে। ১৫ই নভেম্বর রাস পূজা ১৬ই নভেম্বর প্রতিমা নিয়ে শোভাযাত্রা (আড়ং) এবং ১৮ নভেম্বর কার্নিভাল অনুষ্ঠিত হবে শ্রীচৈতন্য ধাম নবদ্বীপে।

২ পাতার পর

## চিকিৎসককে সাতবার ছুরিকাঘাত করল রোগীর ছেলে

শিকার চিকিৎসক হচ্ছেন ডাঃ বালাজি জগনাথন। তিনি একজন ক্যান্সার বিশেষজ্ঞ। তিনি একজন হার্টের রোগীও। এদিকে জানা গেছে, চিকিৎসকের ওপর হামলাকারী ওই যুবক একই হাসপাতালের একজন রোগী পরিচর্যাকারী ছিলেন। তার সন্দেহ হয় যে চিকিৎসক তার ক্যান্সারে আক্রান্ত মাকে ভুল ওষুধ লিখে দিয়েছেন। আর সন্দেহ হওয়ার পরপরই তিনি চিকিৎসককে ছুরিকাঘাত করেন।

কিছু প্রতিবেদনে জানানো হয়েছে অভিযুক্তের বয়স ২৬ বছর। চিকিৎসককে ছুরিকাঘাত করার পর তিনি পালানোর চেষ্টা করেন। কিন্তু পালাতে পারেন নি। তাকে আটক করে নিকটবর্তী গুইন্ডি থানায় হস্তান্তর করা হয়েছে। দেশটির স্বাস্থ্যমন্ত্রী মা সুব্রহ্মণ্যম জানিয়েছেন, ছুরিকাঘাতের ফলে চিকিৎসক বালাজি বুকের ওপরের অংশে ও মাথায় আঘাত পেয়েছেন। তিনি ইনটেন্সিভ কেয়ার ইউনিটে (আইসিইউ) রয়েছেন। তবে তার অবস্থা এখন স্থিতিশীল।

মা সুব্রহ্মণ্যম আরও জানিয়েছেন, হামলাকারী তার গায়ে লুকিয়ে রাখা একটি ছোট ছুরি দিয়ে হামলা করেছেন। তবে তিনি দাবি করেছেন, নিরাপত্তায় কোনো গাফিলতি ছিল না। মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন এ ঘটনায় তদন্তের নির্দেশ ও আহত চিকিৎসককে চিকিৎসা সহায়তার প্রতিশ্রুতি দিয়েছেন। একইসঙ্গে তিনি এ ধরনের হামলা আর হবে না এমন আশ্বাসও দিয়েছেন।

# আমরা পালি ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দিয়েছি: প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ১৩ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বিহারের দ্বারভাঙার ১২ হাজার ১০০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। এর মধ্যে রয়েছে - স্বাস্থ্য, রেল, সড়ক, পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস বিষয়ক বিভিন্ন প্রকল্প।

সমাবেশে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, পাশের রাজ্য ঝাড়খণ্ডে ভোটদান প্রক্রিয়া চলছে। বিকশিত বা উন্নত ভারত গড়ার লক্ষ্যে সেখানকার জনগণ তাঁদের ভোটাধিকার প্রয়োগ করছেন। তিনি ঝাড়খন্ডবাসীকে বিপুল সংখ্যায় ভোটদানের আহ্বান জানান। প্রধানমন্ত্রী প্রয়াত শারদা সিনহা'জি- র স্মৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন করেন এবং সঙ্গীতে বিশেষ করে ছট মহাপরব উপলক্ষ্যে তাঁর বিভিন্ন গানের প্রশংসা করেন।

প্রধানমন্ত্রী বলেন, সমগ্র দেশের সঙ্গে বিহার রাজ্যেও উন্নয়নের জোয়ার এসেছে। তিনি বলেন, অতীতে বিভিন্ন প্রকল্পগুলি কেবলমাত্র কাগজে-কলমেই সীমাবদ্ধ থাকত। বর্তমানে বাস্তবে সেই প্রকল্পগুলি রূপায়িত হচ্ছে। শ্রী মোদী বলেন, "আমরা দৃঢ় পদক্ষেপে বিকশিত বা উন্নত ভারত গঠনের লক্ষ্যে এগিয়ে চলেছি"। তিনি বলেন, আমাদের বর্তমান প্রজন্ম অত্যন্ত সৌভাগ্যবান। কারণ, তাঁরা উন্নত ভারত প্রত্যক্ষ করতে পারছেন। দেশের সেবায় এবং জনগণের উন্নয়নের লক্ষ্যে সরকারের প্রতিশ্রুতিবদ্ধতার কথা পুনরায় ব্যক্ত করে প্রধানমন্ত্রী বলেন, আজ এখানে সড়ক, রেল, গ্যাস এবং পরিকাঠামো সহ বিভিন্ন ক্ষেত্রে ১২ হাজার ১০০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস হয়েছে। দ্বারাভাঙা এইমস্ নিয়ে যে স্বপ্ন ছিল, তা বাস্তবে পরিণত করার জন্য আজ এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া হয়েছে। এই এইমস্ হাসপাতালটি বিহারে স্বাস্থ্য ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন আনবে। প্রধানমন্ত্রী বলেন, মিথিলা, কোশী এবং তিরহুট সহ পশ্চিমবঙ্গ ও পার্শ্ববর্তী বিভিন্ন অঞ্চলের জনগণ এই হাসপাতালের সুবিধা পাবেন। এমনকি, চিকিৎসার জন্যও নেপাল থেকে ভারতে আসা রোগীরাও উপকৃত হবেন। শ্রী মোদী বলেন, এখানে কর্মসংস্থান ও স্বরোজগারের বহুমুখী সম্ভাবনা তৈরি হবে। বিভিন্ন উন্নয়নমুখী প্রকল্পগুলির উদ্বোধন ও শিলান্যাসের জন্য প্রধানমন্ত্রী মিথিলা ও দ্বারভাঙা সহ সমগ্র বিহারবাসীকে অভিনন্দন জানান।

প্রধানমন্ত্রী বলেন, দেশের অধিকাংশ জনগণ দরিদ্র বা মধ্যবিত্ত শ্রেণীর। বিভিন্ন রোগের প্রভাব তাঁদের উপরই বেশি পড়ে। চিকিৎসায় তাঁদের বহু টাকা ব্যয় হয়। পরিবারের কেউ অসুস্থ হয়ে পড়লে তার প্রভাব পড়ে সমগ্র পরিবারের উপর। প্রধানমন্ত্রী বলেন, অতীতে হাসপাতাল ও চিকিৎসকদের যথাযথ ব্যবস্থা না থাকায় চিকিৎসা পরিকাঠামো ছিল অত্যন্ত নিম্নমানের। স্বাস্থ্য ক্ষেত্র যথাযথ না থাকায় দেশের দরিদ্র শ্রেণীর জনগণ নানা অসুবিধার সম্মুখীন হয়েছেন। এর প্রভাব পড়েছে দেশের উন্নয়নের উপরও। কিন্তু, বর্তমানে সমগ্র ব্যবস্থা বদলে গেছে। পুরনো চিন্তায় পরিবর্তন এসেছে। প্রধানমন্ত্রী বলেন, স্বাস্থ্য ক্ষেত্রে মানোন্নয়নের জন্য সরকার সামগ্রিক ব্যবস্থা গ্রহণ করেছে। রোগ-প্রতিরোধের উপর সর্বপ্রথম জোর দেওয়া হচ্ছে। এরপর, রোগ নির্ণয়; তৃতীয় ধাপে বিনামূল্যে বা কম খরচে চিকিৎসা পরিষেবা ও ওষুধ প্রদান করা এবং চতুর্থ পদক্ষেপে ছোট ছোট শহরগুলিতে চিকিৎসার সুবিধা পৌঁছে দেওয়ার কাজ চলছে। স্বাস্থ্য ক্ষেত্রকে মজবুত করতে প্রযুক্তির সম্প্রসারণের উপরও বিশেষ জোর দেওয়া হচ্ছে।

শ্রী মোদী বলেন, সরকার যোগ ব্যায়াম, আয়ুর্বেদ, পুষ্টি এবং ফিট ইন্ডিয়া আন্দোলনের মতো বিষয়গুলিতে বিশেষ নজর দিচ্ছে। সাধারণভাবে অসুস্থতার জন্য গুরুপাক খাবার এবং যথাযথ জীবনযাপন না করা অন্যতম কারণ বলেও তিনি মন্তব্য করেন। প্রধানমন্ত্রী বলেন, স্বচ্ছ ভারত এর মতো অভিযানের মাধ্যমে সরকার বিভিন্ন বাড়িতে শৌচাগার নির্মাণ করছে, যথাযথ পানীয় জলের জন্য চালু হচ্ছে নলবাহিত জল প্রদান ব্যবস্থা। রোগ প্রতিরোধে স্বচ্ছতা বজায় রাখার উপর বিশেষ জোর দেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী দ্বারভাঙার মুখ্য সচিব ও তাঁর নেতৃত্বাধীন দলের ও সমগ্র বিহারবাসীর প্রশংসা করে বলেন, গত কয়েক দিনে এখানে স্বচ্ছতা আন্দোলন জোরদার হয়েছে। তিনি এই অভিযান আগামী আরও কয়েকদিন চালানোর জন্যও আহ্বান জানান।

প্রধানমন্ত্রী বলেন, যে কোনও রোগ প্রাথমিক অবস্থায় ধরা পড়লে তার ক্ষতিকর প্রভাব কিছুটা হলেও কম করা সম্ভব হয়। এতদিন পর্যন্ত রোগ নির্ণয়ের জন্য পরীক্ষা-নিরীক্ষা বিপুল ব্যয়বহুল হওয়ায় সাধারণ জনগণ তা থেকে দূরে থাকতেন। শ্রী মোদী বলেন, "কিন্তু, বর্তমানে যে কোনও রোগ প্রাথমিক অবস্থায় নির্ণয়ের জন্য আমরা দেশে দেড় লক্ষ আয়ুষ্মান আরোগ্য মন্দির চালু করেছি। এখনও পর্যন্ত আয়ুষ্মান ভারত প্রকল্পের আওতায় ৪ কোটিরও বেশি রোগীর চিকিৎসা হয়েছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন। তিনি বলেন, এই প্রকল্পের সুবিধা না থাকায় অনেক ক্ষেত্রে গুরুতর অসুস্থ ব্যক্তিও হাসপাতালে ভর্তি হতে পারছেন না। আয়ুষ্মান ভারত প্রকল্প বহু দরিদ্র মানুষের চিন্তা দূর করতে সক্ষম হয়েছে বলেও তিনি উল্লেখ করেন। আয়ুষ্মান প্রকল্পের আওতায় কোটি কোটি পরিবার উপকৃত হচ্ছেন। এখনও পর্যন্ত প্রায় ১.২৫ লক্ষ কোটি টাকা সাশ্রয় করা সম্ভব হয়েছে। এই প্রকল্পের আওতায় সরকারি বা বেসরকারি হাসপাতালে চিকিৎসা চলছে বলেও তিনি উল্লেখ করেন। ভোটের সময় দেশের সত্তরোর্ধ্ব প্রবীণ নাগরিকদের আয়ুষ্মান ভারত প্রকল্পের আওতায় আনার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেকথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, "এই প্রতিশ্রুতি পূর্ণ হয়েছে। বর্তমানে পারিবারিক আয় ব্যতিরেকে সত্তরোর্ধ্ব প্রবীণ নাগরিকদের এই প্রকল্পের আওতায় বিনামূল্যে চিকিৎসা পরিষেবা দেওয়া হচ্ছে"। তিনি বলেন, সব সুবিধাভোগীরাই খুব শীঘ্রই আয়ুষ্মান বয়ঃবন্দনা কার্ড পাবেন। তিনি স্বল্প মূল্যে ওষুধ পাবার জন্য জন ঔষধি কেন্দ্রগুলির কথাও উল্লেখ করেন।

ছোট শহরগুলিতে উন্নত চিকিৎসা পরিষেবা এবং পর্যাপ্ত সংখ্যক চিকিৎসকের সুবিধা দেওয়ার বিষয়টি উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, দেশে স্বাধীনতা পরবর্তী ষাট বছরে মাত্র একটি এইমস্ হাসপাতাল ছিল। কিন্তু, বর্তমান সরকার দেশের প্রায় প্রতিটি প্রান্তে এইমস্ হাসপাতাল স্থাপন করেছে। বর্তমানে দেশে এইমস্ হাসপাতালের সংখ্যা বেড়ে হয়েছে ২৪। প্রধানমন্ত্রী বলেন, বিগত ১০ বছরে দেশে মেডিকেল কলেজের সংখ্যা দ্বিগুণ হয়েছে। এরফলে, চিকিৎসকের সংখ্যাও বেড়েছে। প্রধানমন্ত্রী বলেন, "দ্বারভাঙা এইমস্ হাসপাতালের মাধ্যমে আরও অনেক চিকিৎসক বিহার তথা দেশবাসীর সেবায় নিয়োজিত হবেন"। মাতৃভাষায় উচ্চ শিক্ষার গুরুত্বের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, করপুরী ঠাকুরজির স্বপ্ন পূরণ হয়েছে। শ্রী মোদী বলেন, বিগত ১০ বছরে দেশে মেডিকেলে আসন সংখ্যা ১ লক্ষ বেড়েছে। আগামী পাঁচ বছরে আরও ৭৫ হাজার আসন বাড়ানো হবে বলেও তিনি জানান। তিনি আরও বলেন, হিন্দি সহ অন্যান্য আঞ্চলিক ভাষায় মেডিকেলে পড়াশোনার সুযোগ তৈরি করা হয়েছে। ক্যান্সারের বিরুদ্ধে লড়াইয়ে সরকারের প্রচেষ্টার প্রসঙ্গ উল্লেখ করে শ্রী মোদী বলেন, মুজফফরপুরে ক্যান্সার রোগ চিকিৎসার যে নতুন সুযোগ তৈরি হয়েছে, তা থেকে বিহারের ক্যান্সার রোগীরা উপকৃত হবেন। এখন থেকে আর রোগীদের চিকিৎসার জন্য দিল্লি বা মুম্বাই যেতে হবে না। বিহারে শীঘ্রই একটি নতুন চক্ষু হাসপাতাল খোলা হচ্ছে বলেও প্রধানমন্ত্রী আনন্দের সঙ্গে ঘোষণা করেন। তিনি বলেন, সম্প্রতি বারাণসীতে যে শঙ্কর চক্ষু হাসপাতাল তৈরি হয়েছে, সেটির মতো বিহারে একটি চক্ষু হাসপাতালের জন্য তিনি কাঞ্চি কামাকোটি শ্রীশঙ্করাচার্যজিকে অনুরোধ জানিয়েছিলেন। এই হাসপাতালের কাজ শুরু হয়েছে। সুশাসনের যথার্থ মডেল হিসেবে বিহারকে গড়ে তোলার জন্য এই রাজ্যের মুখ্যমন্ত্রীর প্রশংসা করেন শ্রী মোদী। তিনি বলেন, ডবল ইঞ্জিন সরকার বিহারের দ্রুত উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। এখানকার ক্ষুদ্র কৃষক ও শিল্প ক্ষেত্রগুলির উন্নয়নের লক্ষ্যে সরকার কাজ করে চলেছে। প্রধানমন্ত্রী বলেন, এখানে পরিকাঠামো উন্নয়নের পাশাপাশি, বিমান বন্দর ও এক্সপ্রেসওয়ে নির্মাণে বিহারের পরিচয় নতুনভাবে তৈরি হচ্ছে। দ্বারভাঙায় উড়ান প্রকল্পের আওতায় নতুন বিমানবন্দর তৈরি হচ্ছে বলেও তিনি জানান। প্রধানমন্ত্রী বলেন, আজ যে উন্নয়নমূলক প্রকল্পগুলির যে উদ্বোধন ও শিলান্যাস হ'ল, সেখান থেকে অনেক নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। শ্রী মোদী বলেন, কৃষকদের উন্নয়নের পাশাপাশি এই অঞ্চলে মাখানা উৎপাদনকারী ও মৎস্য ক্ষেত্রের সঙ্গে যুক্ত ব্যক্তিদের উন্নয়নও সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। মিথিলা সহ বিহারের বিভিন্ন কৃষকরা প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধির আওতায় ২৫ হাজার কোটি টাকারও বেশি সাহায্য পেয়েছেন বলে তিনি উল্লেখ করেন। মাখানা উৎপাদনকারীদের উন্নয়নে 'এক জেলা, এক পণ্য' প্রকল্পের গুরুত্বের কথাও তুলে ধরেন শ্রী মোদী। তিনি বলেন, মাখানা গবেষণা কেন্দ্রটি জাতীয় প্রতিষ্ঠানের মর্যাদা পেয়েছে। মাখানা ইতিমধ্যেই জিআই ট্যাগও পেয়েছে। এখানকার মৎস্য চাষের সঙ্গে যুক্ত ব্যক্তিরা কিষাণ ক্রেডিট কার্ড এবং প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনার সুবিধা পাচ্ছেন বলেও তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, সরকার সমগ্র বিশ্বে ভারতকে অন্যতম বৃহৎ মৎস্য রপ্তানীকারক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে। প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, কোশী ও মিথিলার জনগণকে বন্যার কবল থেকে মুক্ত করার জন্য সরকার সবরকম চেষ্টা

এরপর ৪ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ৩০৬ সংখ্যা ১৪ নভেম্বর, ২০২৪ বৃহস্পতিবার ২৮ কার্ত্তিক, ১৪৩১

৩ পাতার পর

## ট্রাম্পের নতুন প্রশাসনে ইসরায়েলে মার্কিন রাষ্ট্রদূত হচ্ছেন যিনি

ইসরায়েলের মানুষ ও ইসরায়েলকে ভালোবাসেন এবং একইভাবে ইসরায়েলের লোকেরাও তাকে ভালোবাসেন। মধ্যপ্রাচ্যে শান্তি প্রতিষ্ঠার জন্য মাইক অক্লান্ত পরিশ্রম করবেন।"

সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, ৬৯ বছর বয়সী হাকাবি ইসরায়েলের ইভাঞ্জেলিক্যাল খ্রিস্টান সম্প্রদায়ের সবচেয়ে প্রবল সমর্থকদের একজন। ২০০৮ সালে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ ইসরায়েলে মার্কিন প্রেসিডেন্ট হিসেবে জেমস কানিংহামকে নিযুক্ত করার পর, হাকাবি প্রথম অ-ইহুদি যিনি এই পদের জন্য মনোনীত হলেন।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, হাকাবি তার ইসরায়েলপন্থি দৃঢ় অবস্থানের জন্য পরিচিত এবং অধিকৃত ফিলিস্তিনি অঞ্চলে ইসরায়েলি বসতি সম্প্রসারণকে প্রকাশ্যে সমর্থন করেছেন, যা তাকে আন্তর্জাতিক রাজনীতিতে একটি বিতর্কিত ব্যক্তিত্বে পরিণত করেছে।

তিনি ইসরায়েল অধিকৃত পশ্চিম তীরকে ইসরায়েলি ভূখণ্ডের অংশ বলে যুক্তি দেওয়ার জন্য বেশ কয়েকটি অনুষ্ঠানে বাইবেলের উদ্ধৃতি দিয়েছেন।

২০১৭ সালে এক সাক্ষাৎকারে হাকাবি বলেন, এমন কিছু শব্দ আছে যা আমি ব্যবহার করতে অস্বীকার করি। পশ্চিম তীর বলে কিছু নেই। এটি 'জুডিয়া' এবং 'সামারিয়া' (অঞ্চলটির বাইবেলে উল্লেখিত নাম)। মীমাংসা বলে কিছু নেই। তারা সম্প্রদায়, তারা প্রতিবেশী, তারা শহর। অধিগ্রহণ বলে কিছু নেই।

প্রতিবেদনে আরও বলা হয়, বিশ্বের অনেক দেশ পশ্চিম তীরে ইসরায়েলি বসতি স্থাপনকে আন্তর্জাতিক আইনের লঙ্ঘন মনে করে, যদিও ইসরায়েল এতে বিরোধিতা করে। বিশ্লেষকরা বলছেন, ফিলিস্তিনের সমস্যা সমাধানে প্রয়োজন ছিল উদার ভারসাম্যপূর্ণ মার্কিন নীতি। কিন্তু কট্টরপন্থি হাকাবিকে নিয়োগ দেওয়ায় বিদ্যমান পরিস্থিতি আরও অবনতির দিকে যেতে পারে।

## সম্পাদকীয়

### দেশ জুড়ে ১৮টি রেল স্টেশনে জন-ওষধী কেন্দ্র জাতির উদ্দেশ্যে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৩ নভেম্বর বিহার সফর করবেন। তিনি সকাল ১০.৪৫ মিনিটে দ্বারভাঙা যাবেন এবং ১২,১০০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন।

এই অঞ্চলে স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে প্রধানমন্ত্রী দ্বারভাঙা এইমস-এর শিলান্যাস করবেন। এই প্রকল্পের জন্য ব্যয় হবে ১,২৬০ কোটি টাকা। এখানে একটি সুপার স্পেশালিটি হাসপাতাল থাকবে যেখানে আয়ুষ ব্লক ছাড়াও মেডিকেল কলেজ, নার্সিং কলেজ, রাত্রিকালীন থাকার ব্যবস্থা করা হবে। বিহার সহ সংলগ্ন অঞ্চলের মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে এই এইমস-এ বিশেষ ব্যবস্থা নেওয়া হবে।

যোগাযোগ ব্যবস্থার মানোন্নয়নের জন্য সরকার সড়ক ও রেল পরিষেবায় বিশেষ গুরুত্ব দিচ্ছে। প্রধানমন্ত্রী বিহারে ৫,০৭০ কোটি টাকার জাতীয় সড়ক সংশ্লিষ্ট একগুচ্ছ প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। তিনি গলগলিয়া থেকে আড়ারিয়া পর্যন্ত চার লেনের ৩২৭-ই জাতীয় সড়কের উদ্বোধন করবেন। এর ফলে পশ্চিমবঙ্গের গলগলিয়া থেকে ২৭ নম্বর জাতীয় সড়কের একটি বিকল্প পথে যান চলাচল করবে। এছাড়াও ৩২২ এবং ৩১ নম্বর জাতীয় সড়কে দুটি উড়ালপুলের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। পাশাপাশি জেহানাবাদ থেকে বিহারশরিফের মধ্যে ১১০ নম্বর জাতীয় সড়কে বন্ধুগঞ্জে একটি বড় সেতুর উদ্বোধন করবেন তিনি। শ্রী মোদী যে ৮টি জাতীয় সড়ক প্রকল্পের শিলান্যাস করবেন সেগুলি হল : রামনগর থেকে রোসেরার মধ্যে ২ লেনের একটি সড়ক, বিহার-পশ্চিমবঙ্গ সীমান্ত থেকে মনিহারি পর্যন্ত ১৩১-এ জাতীয় সড়ক, হাজিপুর থেকে বাছওয়াড়ার মধ্যে নতুন সড়ক, সারওয়ান থেকে চকাইয়ের মধ্যে আর একটি সড়ক। এছাড়াও ৩২৭-ই জাতীয় সড়কে রানিগঞ্জ বাইপাস, ৩৩৩-এ জাতীয় সড়কে কাটোরিয়া, লাখপুরা, বাঁকা এবং পাঞ্জওয়াড়া বাইপাস, ৮২ নম্বর জাতীয় সড়ক এবং ৩৩ নম্বর জাতীয় সড়কের মধ্যে চার লেনের সড়ক প্রকল্প।

প্রধানমন্ত্রী ১,৭৪০ কোটি টাকার একগুচ্ছ রেল প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। তিনি ঔরঙ্গাবাদ জেলায় চিরালাপঠু থেকে বাঘা বিষুনপুরের মধ্যে শোননগর বাইপাস প্রকল্পের শিলান্যাস করবেন। এই প্রকল্পে ব্যয় হবে ২২০ কোটি টাকা। এছাড়াও ঝঞ্ঝারপুর-লাউকাহা বাজারের মধ্যে রেল পথের গেজ পরিবর্তন এবং দ্বারভাঙ্গা বাইপাস রেললাইন জাতির উদ্দেশ্যে উৎসর্গ করবেন তিনি। এর ফলে এই অঞ্চলে যোগাযোগ ব্যবস্থার মানোন্নয়ন হবে।


প্রধানমন্ত্রী ঝঞ্ঝারপুর-লাউকাহা বাজারের মধ্যে মেমু রেল পরিষেবার সূচনা করবেন। ফলস্বরূপ সংশ্লিষ্ট অঞ্চলের বাসিন্দাদের চাকরি, শিক্ষা এবং স্বাস্থ্য পরিষেবার সুবিধা হবে। তিনি এই অনুষ্ঠানে দেশ জুড়ে ১৮টি রেল স্টেশনে জন-ওষধী কেন্দ্র জাতির উদ্দেশ্যে উৎসর্গ করবেন। এর ফলে রেল যাত্রীরা ব্যয়সাশ্রয়ী মূল্যে বিভিন্ন স্টেশনে ওষুধ কিনতে পারবেন। পাশাপাশি সকলের মধ্যে জেনেরিক ওষুধ ব্যবহারে প্রবণতা বাড়বে এবং স্বাস্থ্য খাতে খরচ কমবে। প্রধানমন্ত্রী পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস সংক্রান্ত ৪০২০ কোটি টাকার বেশি একগুচ্ছ প্রকল্পের উদ্বোধন করবেন। পাইপের মাধ্যমে ঘরে ঘরে প্রাকৃতিক গ্যাস পৌঁছে দেওয়া এবং শিল্প ও বাণিজ্যিক সংস্থাগুলিকে পরিবেশ বান্ধব জ্বালানী সরবরাহের জন্য তিনি সিটি গ্যাস ডিস্ট্রিবিউশন নেটওয়ার্কের শিলান্যাস করবেন। ভারত পেট্রোলিয়াম এই প্রকল্পের মাধ্যমে দ্বারভাঙ্গা, মধুবনী, সুপৌল, সীতামাঢ়ী এবং শেওহর জেলায় গ্যাস সরবরাহ করবে। এছাড়াও ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের বারাউনী শোধনাগারে বিটুমিন উৎপাদনের একটি ইউনিটের শিলান্যাস করা হবে। এর ফলে দেশেই বিটুমিন উৎপাদিত হবে এবং বিদেশ থেকে আমদানি হ্রাস পাবে।

# মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার

(প্রথম পর্ব)




দক্ষিণেশ্বরের গেলে একটা সময় আদ্যাপীঠ যেতাম, অনেকবার সন্ধ্যা আরতি দেখার সময় হয়েছিল। একবারই ভোগ খাওয়ার সুযোগ পেয়েছিলাম । তারপরে প্রায় বহু বছর কেটে গেল আদ্যা মায়ের কাছে আর আমার যাওয়া হয়নি। আদ্যাপীঠের মূল কাহিনী জানান ইচ্ছা আমার ছিল তাই সুযোগ হল জানা, আর যতটুকু জেনেছি সে কথাগুলো আবার লিপিবদ্ধ করে রাখতে চাইলাম।আদ্যাপীঠ মঠ প্রায় ২৭ বিঘা জায়গা জুড়ে অবস্থান করে। এই মন্দিরে দেবী আদ্যার মূর্তি ছাড়াও রয়েছে রাধাকৃষ্ণ ও শ্রীরামকৃষ্ণের ধ্যানরত মূর্তি। মন্দিরের প্রতিষ্ঠাতা অন্নদাঠাকুর ছিলেন বাংলাদেশের চট্টগ্রামের বাসিন্দা। তাঁর পৈতৃক নাম অন্নদাচরণ ভট্টাচার্য। তিনি আয়ুর্বেদ চিকিৎসক হতে চেয়েছিলেন। সালটা ছিল বাংলার ১৩২১। দক্ষিণেশ্বর লাগোয়া এই কালীক্ষেত্র নিয়ে রয়েছে নানা ইতিহাস। চট্টগ্রাম থেকে কলকাতায় কবিরাজি পড়তে এসেছেন অন্নদা ঠাকুর। কবিরাজি পাশ করার প্যাঁকটিস করবেন এমন ঠিক করেছেন। এমন সময় রামকৃষ্ণদেব তাঁকে বলেছিলেন তোমার কবিরাজি ব্যবসা হবে না। ঠাকুর অন্নদাকে নির্দেশ দিয়েছিলেন ইডেন গার্ডেন্সের ঝিলে আদ্যা মা পড়ে আছেন। ওখান থেকে মাকে উঠিয়ে নিয়ে এসো।

অন্নদা ঠাকুর ঝিলে খোঁজাখুঁজি করতে ১৮ ইঞ্চি আদ্যা মায়ের কষ্টিপাথরের মূর্তি পান। সেদিন ছিল রামনবমী তিথি। রাতে মা তাঁকে দেখা দিয়ে বলেন, অন্নদা কাল বিজয়া দশমী। তুমি আমায় গঙ্গায় বিসর্জন দিও। এই কথা শুনে অন্নদা আঁতকে উঠে বলেন, আমি কি পুজোপাঠ করিনি বলে তিনি রাগ করে চলে যাচ্ছেন ? তখন মা বলেন, না তা নয়। আমি শুধু শাস্ত্র বিহিত মতে পুজো পেতে চাই তা নয়। মা খাও, মা পড়ো - এমন সহজ সরল প্রাণের ভাষায় যে ভক্ত

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# শাস্তি হিসেবে বুলডোজার দিয়ে কারও বাড়ি ভাঙা যাবে না: ভারতের সুপ্রিম কোর্ট




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোনও ব্যক্তি ফৌজদারি মামলায় অভিযুক্ত বা দোষী সাব্যস্ত হলে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে বুলডোজার দিয়ে তার বাড়ি ভেঙে ফেলা যাবে না। পুলিশ-প্রশাসন কাউকে দোষী সাব্যস্ত করে শাস্তি দিতে পারে না। এখন থেকে ঘরবাড়ি ও অন্যান্য অবৈধ অবকাঠামো ভাঙতে গেলেও তা করতে হবে নির্দিষ্ট নিয়মবিধি মেনেই।

বুধবার ভারতের সুপ্রিম কোর্ট এই রায় দিয়েছেন।

সুপ্রিম কোর্টে বুলডোজার মামলার রায় শোনান বিচারপতি বিআর গাভাই এবং বিচারপতি কেভি বিশ্বনাথনের বেঞ্চ।

বিচারপতি গাভাই বলেন, আমরা বাসস্থানের অধিকারের দিকটি গুরুত্ব সহকারে দেখেছি। সংবিধানের ১৯ এবং ২১তম অনুচ্ছেদেও এর উল্লেখ রয়েছে। বাসস্থানের অধিকার একটি মৌলিক অধিকার। এই ধরনের অধিকার থেকে নিরপরাধ মানুষকে বঞ্চিত করা সম্পূর্ণ অসাংবিধানিক।"

আদালত জানিয়েছে, যখন কোনও নির্দিষ্ট বাড়ি কিংবা কাঠামো হঠাৎ করে ভেঙে ফেলার সিদ্ধান্ত নেওয়া হয়, অথচ অন্য কাঠামোগুলোকে ছাড় দেওয়া হয়-তখন ধরে নেওয়া যেতে পারে যে এই কাজটি বেআইনি নির্মাণে বাধা দিতে নয়, বরং আইনের ঊর্ধ্বে উঠে কোনও ব্যক্তিবিশেষকে শাস্তি দেওয়ার জন্যই করা হয়েছে।

বিচারপতি গাভাই বলেন, এভাবে ক্ষমতার অপব্যবহার মেনে নেওয়া যায় না। কোনও ব্যক্তি বিচার করতে পারেন না, কে দোষী আর কে দোষী নয়। কেউ এভাবে আইন হাতে তুলে নিতে পারেন না।

'বুলডোজার নীতি' নিয়ে আগেও প্রশ্ন তুলেছে সুপ্রিম কোর্ট। এই মামলায় গত ১ অক্টোবর অন্তর্বর্তী আদেশের মেয়াদ বাড়িয়ে দিয়ে বিচারপতি গভই এবং বিচারপতি বিশ্বনাথনের বেঞ্চ জানিয়ে দেন, পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত কোনও বাড়ি কিংবা দোকান বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেওয়া যাবে না। কেন্দ্রের উদ্দেশে দুই বিচারপতির প্রশ্ন ছিল, কোনও ব্যক্তি অপরাধের মামলায় অভিযুক্ত বা দোষী সাব্যস্ত হলেও তার বাড়ি বুলডোজার দিয়ে ভেঙে ফেলা হবে কেন? বরং বাড়ি ভাঙার ক্ষেত্রে সুনির্দিষ্ট নিয়ম থাকা উচিত। কেন্দ্রীয় সরকারের পক্ষে সলিসিটর জেনারেল তুষার মেহতা যুক্তি দেন, 'বুলডোজার পদক্ষেপ' তখনই নেওয়া হয়, যখন কোনও বাড়ি বা কাঠামো অবৈধভাবে তৈরি হয়েছে বলে প্রমাণ পাওয়া যায়। উত্তরে বিচারপতি গাভাই জানান, তারা এ বিষয়ে নির্দিষ্ট নিয়মবিধি তৈরি করে দেবেন। এর পরেই শীর্ষ আদালতের পক্ষে জানিয়ে দেওয়া হয়- তারা অবৈধ নির্মাণকে বাঁচানোর কথা বলছে না। কিন্তু এ ক্ষেত্রে একটি নিয়মবিধি থাকা উচিত। যদিও রাস্তা কিংবা ফুটপাতের মাঝে ধর্মীয় প্রতিষ্ঠান বা অবৈধ নির্মাণের ক্ষেত্রে ওই অন্তর্বর্তী আদেশ প্রযোজ্য হবে না, এমনটাও জানিয়েছে ভারতীয় সুপ্রিম কোর্ট।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কারণ লক্ষ্মী দেবী জানতেন যে, একমাত্র বিষ্ণুই বিশ্বরূপ দেখাতে সক্ষম। কিন্তু কেউই বিশ্বরূপ দেখাতে না পেরে লজ্জিত হয়ে চলে যান। তাঁরপর লক্ষ্মীর তপস্যায় তুষ্ট হয়ে একদিন বিষ্ণু নিজে লক্ষ্মীর নিকট উপস্থিত হলেন এবং তাঁর ইচ্ছায় বিশ্বরূপ দেখালেন। তারপর মহর্ষি ভৃগু তাঁর কন্যা লক্ষ্মীকে বিষ্ণুর হস্তে সমর্পণ করলেন। এভাবে লক্ষ্মী দেবী বিষ্ণুপত্নী হলেন। লক্ষ্মী দেবীর উৎপত্তি বিষ্ণু পুরাণ, ভাগবত, মহাভারত প্রভৃতি গ্রন্থ অনুসারে লক্ষ্মী দেবীর উৎপত্তি হয়েছে সমুদ্র থেকে।

ক্রমশঃ

৩ পাতার পর

# আমরা পালি ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দিয়েছি: প্রধানমন্ত্রী

চালাচ্ছে। বিহারে বন্যা নিয়ন্ত্রণে এ বছরের বার্ষিক বাজেটে একটি সুসংহত পরিকল্পনার উল্লেখ করা হয়েছে বলেও তিনি জানান। শ্রী মোদী বলেন, নেপালের সহযোগিতায় খুব শীঘ্রই বন্যা সমস্যার একটি আশু সমাধান মিলবে বলেই তাঁর আশা। বন্যা নিয়ন্ত্রণে ১১ হাজার কোটি টাকা ব্যয়ে উন্নয়নমূলক প্রকল্পের কাজ চলছে বলে তিনি জানান। শ্রী মোদী বলেন, "ভারতীয় ঐতিহ্যের অন্যতম প্রধান আধার বিহার"। ঐতিহ্য লালন করা আমাদের সকলের দায়িত্ব বলেও তিনি মন্তব্য করেন। সেই লক্ষ্যেই সরকার "বিকাশ ভি বিরাসত ভি" অর্থাৎ উন্নয়নের পাশাপাশি ঐতিহ্যও - এই মন্ত্র নিয়ে কাজ করে চলেছে। নালন্দা বিশ্ববিদ্যালয় বর্তমানে তার হৃত গৌরব ফিরে পাচ্ছে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন। ভাষার গুরুত্বের প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, পালি ভাষা ভগবান বুদ্ধের জ্ঞান বিতরণের সঙ্গে জড়িত এবং বিহারের অন্যতম প্রাচীন ঐতিহ্য। এই ভাষাকে সম্প্রতি ধ্রুপদী ভাষার মর্যাদা দেওয়া হয়েছে। বর্তমান সরকার মৈথিলী ভাষাকে ঝাড়খন্ডের দ্বিতীয় ভাষার মর্যাদা দিয়েছে বলেও প্রধানমন্ত্রী জানান। শ্রী মোদী বলেন, দ্বারভাঙা রামায়ণ সার্কিটে যুক্ত হওয়া দেশের ১২টি শহরের মধ্যে অন্যতম। এরফলে, এখানকার পর্যটনে বিশেষ গতিসঞ্চার হবে। দ্বারভাঙা - সীতামারী - অযোধ্যা পথে অমৃত ভারত ট্রেন জনগণের জন্য বিশেষ উপকারী হবে বলেও তিনি মন্তব্য করেন। শ্রী মোদী স্বাধীনতার আগে ও পরে দেশের প্রতি বিশেষ অবদান রাখা দ্বারভাঙা এস্টেটের মহারাজ শ্রী কামেশ্বর সিংজির প্রতি শ্রদ্ধা জানান। তিনি বলেন, শ্রী কামেশ্বর সিংজির সমাজসেবা দ্বারভাঙার অন্যতম গর্ব এবং সকলের জন্য তা অনুপ্রেরণা সৃষ্টি করে।

পরিশেষে, প্রধানমন্ত্রী দেশের জনগণের সুবিধার্থে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের নিরলস প্রচেষ্টার কথা আবারও উল্লেখ করেন। তিনি উপস্থিত জনগণকে ও বিহারবাসীকে অভিনন্দিত করেন।

অনুষ্ঠানে বিহারের রাজ্যপাল শ্রী রাজেন্দ্র আরলেকর, রাজ্যের মুখ্যমন্ত্রী শ্রী নীতিশ কুমার এবং কেন্দ্রীয় খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রী শ্রী চিরাগ পাসওয়ান উপস্থিত ছিলেন।

প্রেক্ষাপট -

প্রধানমন্ত্রী সড়ক ও রেলপথে যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে বেশ কয়েকটি উন্নত প্রকল্প চালু করেছেন। তিনি গলগলিয়া আরারিয়া শাখায় চার-লেন বিশিষ্ট সড়ক উদ্বোধন করেন। এই সড়কটি চালুর ফলে আরারিয়া ও পশ্চিমবঙ্গের মধ্যে যোগাযোগ সহজ হবে। এছাড়াও, বিহার ও পশ্চিমবঙ্গ সীমান্তবর্তী এলাকায় যোগাযোগ বাড়াতে দু'লেন বিশিষ্ট সড়ক নির্মাণ প্রকল্পেরও উদ্বোধন করেন তিনি। প্রধানমন্ত্রী দেশের বিভিন্ন রেল স্টেশনে চালু ১৮টি প্রধানমন্ত্রী ভারতীয় জন ঔষধি কেন্দ্র আজ জাতির উদ্দেশে উৎসর্গ করেন।

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

cinema TV

## ইন্দ্রাণীর হয়ে কটাক্ষের জবাব দিলেন শ্রীলেখা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** কয়েকদিন ধরেই সামাজিক যোগাযোগ মাধ্যমে আলোচনার কেন্দ্রে ওপার বাংলার একসময়ের জনপ্রিয় অভিনেত্রী ইন্দ্রাণী হালদার। কারণ প্রায় তিন বছর লাইমলাইট থেকে দূরে থাকার পর অভিনেত্রীর শারীরিক গঠনে ব্যাপক বদল সকলকে চমকে দিয়েছে। সম্প্রতি এক শো-তে হাজির হয়েছিলেন অভিনেত্রী। সেখানে দেখা গেছে, মাত্রাতিরিক্ত ওজন বেড়েছে তার। পঞ্চাশোর্ধ নায়িকা ইন্দ্রাণী নিজেও একসময় তন্বী ছিলেন। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে তার চেহারাতেও বদল এসেছে। শরীর-নিয়ে নানা কটাক্ষের শিকার হতে হয় তাকে। তবে সেসব কটাক্ষকারীদের একহাত নিলেন টালিউড অভিনেত্রী শ্রীলেখা মিত্র। দাঁড়ালেন ইন্দ্রাণী হালদারের পাশে; সরাসরি নয়, পরোক্ষভাবে সমর্থন করে মুখ খুলেছেন শ্রীলেখা।

এক ফেসবুক পোস্টে তিনি লিখেছেন, বহুক্ষেত্রে ডিপ্রেশনেও মানুষ মোটা হয়, আমি জলজ্যান্ত উদাহরণ। খোঁজ নিয়েছেন কখনো মানুষটা কেমন আছে। আমি জানি আমি অন্তত নেইনি। অতএব আপনার অবদমিত কোনো বাসনাকে তৃপ্ত করার ইচ্ছায় কাউকে ট্রল করার আগে বা নিউজ করার আগে ভেবে দেখবেন, কথা দিলাম আমিও দেখব, ইনফ্যাক্ট দেখছিও।

সেই পোস্টে এক নেটিজেন লেখেন, সেডেটিভ জাতীয় ওষুধের জন্যও ওজন বৃদ্ধি পায়। জবাবে শ্রীলেখা জানান, তিনি গত ১০-১২ বছর ধরে সেডেটিভ নেন। বয়স বাড়লেও ছিপছিপে চেহারা ধরে রেখেছিলেন ইন্দ্রাণী হালদার। নিজের স্বাস্থ্য নিয়ে বরাবরই সচেতন তিনি। তাহলে হঠাৎ কী হল তার? অভিনেত্রী নিজেও মুখ খুলেছেন।

সামাজিক মাধ্যমে মন্তব্য করে তিনি জানান, পিঠে ব্যথার কারণে আমি একবছর কোনো অনুষ্ঠান করিনি, বাইরে বের হওয়া নিষেধ করেছেন ডাক্তার। জিম তো দূর, কোনোরকম ব্যায়ামেও নিষেধ করা রয়েছে। ওষুধ খেয়ে এখন আগের থেকে কিছুটা ঠিক আছি। ওষুধের কারণে আমার ওজন আগের থেকে অনেকটাই বেড়ে গেছে। তবে ওজন নিয়ে দয়া করে কেউ সমালোচনা করবেন না। আমি খুব ডিপ্রেসড হয়ে যাব তাহলে, আশা করি সকলেই সেটা বুঝবেন। আমিও তো একজন মানুষ।

## আইনজীবীর চুরি যাওয়া ফোন থেকে শাহরুখকে হত্যার হুমকি



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেতা সালমান খানের পর এবার হত্যার হুমকি দেওয়া হয়েছে বলিউড অভিনেতা শাহরুখ খানকে। ৫০ লাখ রুপি (বাংলাদেশি মুদ্রায় প্রায় ৭০ লাখ টাকা) পণ না পেলে দিতে হবে প্রাণ। স্বাভাবিকভাবেই প্রশ্ন ওঠে, এই হুমকিও কি তবে বিষ্ণোই গ্যাংয়ের। কারণ ভারতের বর্ষীয়ান রাজনীতিবিদ বাবা সিদ্দিকীর খুনের দায় স্বীকার করে ওই গ্যাংয়ের ভাষ্য ছিল- সালমান ঘনিষ্ঠদের এমন পরিণতিই হবে। এদিকে নিজের জন্মদিনে নিরাপত্তার কথা মাথায় রেখে মান্নাতের ছাদে ভক্তদের দেখা দেননি বলিউড বাদশা।

এসব ধারণা-সম্ভাবনার মধ্যে হুমকির পর তদন্তে নেমে মুম্বাই পুলিশ পেয়েছে এক মোবাইল ফোন 'চোরের' তথ্য। এক আইনজীবীর চুরি হওয়া মোবাইল ফোন থেকে এমন হুমকি। তবে ঘটনার তদন্তে ওই আইনজীবীকে কড়া নজরদারিতে রাখা হয়েছে, সেই সঙ্গে চলছে সেই 'চোর' খোঁজার কাজ।

ভারতীয় গণমাধ্যম ইন্ডিয়ান এক্সপ্রেসের এক প্রতিবেদনে বলা হয়েছে, শাহরুখ খানকে হুমকি দেওয়া সেই মোবাইল ফোন ট্র্যাক করে মুম্বাই পুলিশ। এতে জানা যায় এই উড়ো কলটি আসে ছত্তিশগড় থেকে। ফোনের লোকেশন যাচাই করে সেখানে গিয়ে পুলিশ জানতে পারে, ফয়জান খান নামের এক আইনজীবীর মোবাইল ফোন থেকে কাজটি করা হয়েছে। কিন্তু কাজটি ওই আইনজীবী করেননি, করেছে চোর। কারণ শাহরুখের জন্মদিনে তার মোবাইল ফোন চুরি হয়। এ ঘটনায় স্থানীয় থানায় একটি অভিযোগও দায়ের করেছেন তিনি।

পুলিশের জিজ্ঞাসাবাদে ফয়জান বলেন, 'আমার চুরি করা ফোন থেকেই কেউ হুমকি দিয়েছে। কারণ, ফোন খোয়া যাওয়ার পর থানায় অভিযোগ জানিয়েছি আমি।'

## দুই 'কমেডি কিং' আবারও একসাথে, আসছে 'ভাগাম ভাগ'-এর সিক্যুয়াল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অক্ষয় কুমার আর গোবিন্দা। বলিউডের ইতিহাসে এই দুই অভিনেতাকে বলা হয় 'কমেডির কিং'। বিশেষ করে অক্ষয় আর প্রিয়দর্শন এই পরিচালক-অভিনেতা কম্বো তো বলিউডের ইতিহাসে 'ভুল ভুলাইয়া', 'হেরা ফেরি' থেকে শুরু করে অসংখ্য কাল্ট কমেডি চলচ্চিত্র উপহার দিয়েছেন দর্শকদের। সম্প্রতি ঘোষণা এসেছে, এই জুটির নতুন চলচ্চিত্র আসবে যার নাম 'ভূত বাংলো।'

তবে এর পরেই এসেছে নতুন এক সুখবর। কমেডি জনরার অন্যতম হিট সিনেমা 'ভাগাম ভাগ'-এর দ্বিতীয় কিস্তি আসছে এবার। বিগত সময়ে একের পর এক সিনেমা ফ্লপ হওয়ায় বেশ বিপাকে রয়েছেন অক্ষয় কুমার। তাই আপাতত অ্যাকশন ছেড়ে কমেডির দ্বারস্থ হয়েছেন খিলাড়ি।

শোনা যাচ্ছে, 'ভাগাম ভাগ' সিনেমার স্বত্ব কিনে নিয়েছেন অক্ষয় কুমার। শিগগিরই আসছে অক্ষয় কুমার, গোবিন্দা, পরেশ রাওয়ালের এই সিনেমার সিক্যুয়াল। অর্থাৎ ২০ বছর পর পর্দায় ফিরতে চলেছে 'ভাগাম ভাগ ২'।

২০০৬ সালে মুক্তি পেয়েছিল দুর্দান্ত কমেডি প্যাকেজ 'ভাগাম ভাগ', যেখানে মুখ্য ভূমিকায় অভিনয় করেছিলেন অক্ষয় কুমার, গোবিন্দা ও পরেশ রাওয়াল।

ছিলেন রাজপাল যাদব, শক্তি কাপুর, জ্যাকি শ্রফের মতো তাবড় সব অভিনেতারা। আর সেই কমেডি সিনেমা বানানোর প্রস্তুতিই আবার শুরু হয়ে গেছে। সিনেমার চিত্রনাট্য লেখার কাজও শুরু হয়ে গেছে বলে জানা যাচ্ছে। এটা শেষ হলেই 'ভাগাম ভাগ ২' পরিচালক কে হবেন, তা নিয়ে চিন্তা ভাবনা শুরু হয়ে যাবে। এর আগে 'ভাগাম ভাগ' পরিচালনা করেছিলেন প্রিয়দর্শন।

শোনা যাচ্ছে, প্রিয়দর্শনের হাতেই নাকি দেওয়া হতে পারে দ্বিতীয় কিস্তির পরিচালনার ভার। ২০০৬ সালে 'ভাগাম ভাগ' শুধুই বড় হিট নয়, এই সিনেমা নিয়ে সোশ্যাল মিডিয়ায় মিমের বন্যা বয়ে যায় এখনো। আর ২০ বছর পর সেই আইকনিক কমেডির সিক্যুয়ালই আবার ফিরছে। জানা যাচ্ছে, সিনেমার শুটিং শেষ হবে ২০২৫ সালের শেষের দিকে, আর মুক্তি পাওয়ার কথা রয়েছে ২০২৬ সালে।

নতুন বছরে অক্ষয় কুমারের একাধিক ফ্র্যাঞ্চাইজির সিনেমা মুক্তি পাওয়ার কথা। যার মধ্যে রয়েছে 'হাউসফুল', 'হেরা ফিরির' মতো ফ্র্যাঞ্চাইজি। আসবে ওয়েলকামের তৃতীয় কিস্তি। এ ছাড়া 'গরম মাসালা'র সিক্যুয়ালও আসতে পারে বলে শোনা যাচ্ছে। যে সিনেমাগুলোর মুলে থাকবেন কমেডি কিং অক্ষয় কুমার।

## পরবর্তী ক্যাটরিনা বানানোর আশ্বাসে নোরাকে বাজে প্রস্তাব!





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডে নিজের অভিনয় এবং নৃত্য শৈলীর দিয়ে সকলকে মোহিত করে রেখেছেন নোরা ফাতেহি। তার গুণমুগ্ধ ভক্তের সংখ্যা লক্ষাধিক। তবে এই যাত্রা খুব একটা মসৃণ ছিল না অভিনেত্রীর। বলিউডের পদার্পণ করার আগে ঠিক কী কী হয়েছিল তার সঙ্গে, সম্প্রতি সেই কথাই সকলের সঙ্গে ভাগ করেছেন অভিনেত্রী নোরা ফাতেহি।

অভিনেত্রীর তখন বয়স ২২ বছর। কানাডা থেকে পা রাখেন ভারতে। বলিউডে নিজের জায়গা পাকাপাকি করার স্বপ্ন নিয়ে তিনি কাজ খোঁজা শুরু করেছিলেন। কিন্তু বাস্তব চিত্রটা যে একেবারে অন্যরকম তা বুঝতে অনেকটাই সময় লেগে যায় তার। কাউকে না জেনে প্রায়শই ভুল মানুষকে বিশ্বাস করে ফেলতেন তিনি।

নোরার কথায়, তখন কাজ দেয়ার বিনিময়ে অনেকেই সঙ্গ আশা করতো। কোনোকিছুই বিনামূল্যে হয় না, তা বুঝতে অভিনেত্রীর অনেকটা সময় লেগে যায়। এর মধ্যে অনেকে নোরাকে সাহায্য করতে এসেছে, তাদেরকে অনুসরণও করতেন তিনি।

এর ফলে এক পর্যায়ে প্রত্যাখ্যান ও ভীতিকর পরিস্থিতির চাপে পড়েন নোরা। পাল্টাতে বাধ্য হন নিজের মানসিকতা। এক পর্যায়ে কেউ দেখা করতে চাইলে তার সঙ্গে দেখা করার জন্য মরিয়া হয়ে ওঠা, খুব সহজে মানুষকে বিশ্বাস করা, এই সব থেকে বিরত হতে শুরু করেন তিনি। একটা সময় এমনও আসে, যখন তিনি কানাডায় ফিরে যেতে রাজি হয়ে যান।

অনেক সময় অনেকে প্রশ্ন করতেন, 'পরবর্তী ক্যাটরিনা কাইফ হতে চান আপনি?' এইরকম স্বপ্ন দেখিয়ে বহুবার নোংরা প্রস্তাবও দেয়া হয়েছিল অভিনেত্রীকে। এইরকম ভয়াবহ ঘটনা এবং বারংবার প্রত্যাখ্যানের সম্মুখীন হয়ে একসময় মানসিকভাবে অসুস্থ হয়ে পড়েছিলেন নোরা। রীতিমতো থেরাপি করে নিজেকে সুস্থ করতে হয়েছিল। আজ পেছনের দিকে তাকিয়ে যখন এই সমস্ত ঘটনার কথা স্মরণ করেন অভিনেত্রী, তখন সবকিছুই যেন দুঃস্বপ্ন বলে মনে হয়।

## মৃগী রোগে আক্রান্ত 'দঙ্গল' অভিনেত্রী ফাতিমা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী ফাতিমা সানা শেখ (এপিলেপসি) অর্থাৎ মৃগী রোগে আক্রান্ত তিনি। সম্প্রতি নিজেই নিজের এই ব্যাধি নিয়ে মুখ খুলেছেন ফতিমা। জানিয়েছেন, নিজের এই রোগের বিষয়ে তিনি শুরুতে কাউকে জানাননি। তবে এখন মুখ খুলছেন।

নিজের রোগ প্রসঙ্গে অভিনেত্রী বলেন, 'দঙ্গল-এর শুটিংয়ের সময়ই আমার প্রথম মৃগী রোগটি ধরা পড়ে। তবে প্রথমে আমি এটাকে কিছুতেই মানতে পারছিলাম না। আমি স্বীকার করতেই রাজি ছিলাম না যে আমার এই স্নায়বিক ব্যাধি রয়েছে, তাই আমি কোনো ওষুধও খাইনি।

খুব ভয়ে ছিলাম যদি লোকজনের সামনে খিঁচুনি শুরু হয়, যেটা কি না এই রোগের অন্যতম একটা লক্ষণ। মৃগী রোগীদের অনেক কলঙ্কের ভাগীদার হতে হয়, লোকেরা মনে করে আপনি হয়তো মাদকাসক্ত, মনোযোগ পেতে চাইছেন, অথবা ভোগ করছেন। অনেকেই এই রোগে আক্রান্তদের এড়িয়ে যেতে চান।'

অনেকে মনে করেন, জুতোর গন্ধ শুঁকিয়ে হয়তো আক্রান্ত রোগীর সংজ্ঞা ফেরানো সম্ভব। এক অনুরাগীর এই প্রশ্নে ফাতিমা বলেন, 'এটা একেবারেই প্রচলিত ধারণা। তবে আমার ওপর একবার পরিবারের লোকেরা এই টোটকা প্রয়োগ করেছিলেন। বিশ্বাস করুন, কখনো কারো সঙ্গে এমন করবেন না।'

যদিও নিজের এই অসুস্থতার পর থেকে যেকোনো সিনেমার অনুষ্ঠান বা পার্টিতে যাওয়া বন্ধ করে দিয়েছেন অভিনেত্রী। তার কথায়, 'এটা সপ্তাহে অন্তত দুইবার হয়।

তখন চোখের সামনে আলো হয়ে যায়। মস্তিষ্কে একটা অদ্ভুত পরিবর্তন আসে, যা শরীরের ওপর প্রভাব ফেলে। তাই কোথাও যেতে ভয় লাগে।'

শিশুশিল্পী হিসেবে ক্যারিয়ার শুরু করেন ফাতিমা। তার পর 'দঙ্গল' সিনেমার মাধ্যমে বলিউডে তার অভিষেক হয়। একাধিক সিনেমা ও কয়েকটি সিরিজেও কাজ করেছেন ফাতিমা। তবে সবচেয়ে বেশি চর্চা হয় তার ও আমির খানের সম্পর্ক নিয়ে। কিরণ রাও এবং আমিরের বিবাহবিচ্ছেদের কারণ হিসেবে অনেকেই আঙুল তোলেন ফাতিমার দিকে। শোনা যায় 'দঙ্গল' সিনেমার সেটেই নাকি একে অপরের কাছে আসেন তারা।

## নারী আইপিএল:

### ধরে রাখা ক্রিকেটারদের পূর্ণাঙ্গ তালিকা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ইতোমধ্যেই চূড়ান্ত হয়েছে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের আগামী আসরের নিলামের তারিখ। তবে আসন্ন নারী আইপিএলের নিলামের সময় এখনও জানা যায়নি। অবশ্য ইতোমধ্যেই ধরে রাখা ক্রিকেটারদের তালিকা দিয়েছে ফ্র্যাঞ্চাইজিগুলো।

লেগ স্পিনার পুনম যাদবকে ছেড়ে দিয়েছে দিল্লি। নিলামকে সামনে রেখে লরা হ্যারিস, অপর্ণা মণ্ডল ও আশওয়ানি কুমারিও ধরে রাখেনি দুইবারের ফাইনালিস্টরা। মুম্বাই ইন্ডিয়ান্স ইসি ইয়ং, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু হেইদার নাইট, নাদিনে ডি ক্লার্কের মতো ক্রিকেটারদের ছেড়ে দিয়েছে।

প্রথম মৌসুমে বেথ মুনির চোটে গুজরাটের অধিনায়কত্ব করা স্নেহ রানাকে ছেড়ে দিয়েছে গুজরাট। এ ছাড়া নিউজিল্যান্ডের লিয়া তাহুহু, স্কটল্যান্ডের ক্যাথরিন ব্রেইসকেও ধরে রাখেনি তারা।

দিল্লি ক্যাপিটালস

ধরে রাখা ক্রিকেটার- মেগ লেনিং, জেমাইমা রদ্রিগেজ, শেফালি ভার্মা, রাধা যাদব, অরুন্ধাতি রেড্ডি, শিখা পান্ডে, তানিয়া ভাটিয়া, মিনু মানি, স্নেহা দীপ্তি, তিতাস সাধু, মারিজান কাপ, জেস জোনাসেন, অ্যালিস ক্যাপসি, অ্যানাবেল সাদারল্যান্ড।

ছেড়ে দেয়া ক্রিকেটার- লরা হ্যারিস, পুনম যাদব, অপর্ণা মণ্ডল, আশওয়ানি কুমারি।

গুজরাট জায়ান্টস

ধরে রাখা ক্রিকেটার- বেথ মুনি, অ্যাশলে গার্ডনার, লরা উলভার্ট, দায়ালান হেমলতা, তানুজা কানওয়ার, শবনম সাকিল ফোবি লিচফিল্ড, প্রিয়া মিশ্রা, তৃশা পোজিথা, মানাত কাশপ, মেঘনা সিং।

ছেড়ে দেয়া ক্রিকেটার- লিয়া তাহুহু, ক্যাথরিন ব্রেইস. স্নেহ রানা, ভেদা কৃষ্ণমূর্তি, তারানাম পাঠান, লরেন শিটলি।

মুম্বাই ইন্ডিয়ান্স

ধরে রাখা ক্রিকেটার- আমানদীপ কৌর, আমানজোত কৌর, অ্যামেলিয়া কের, ক্লো ট্রায়ন, হারমানপ্রীত কৌর, হেইলি ম্যাথিউস, জিন্তিমানি কালিটা, কীর্থানা বালাকৃষ্ণনান, ন্যাট সিভার-ব্রান্ট, পূজা ভাস্তকর, এস সাজানা, সাইকা ইশাক, শবনম ইসমাইল, স্বস্তিকা ভাটিয়া।

ছেড়ে দেয়া ক্রিকেটার- ফাতিমা জাফর, হুমায়ররা কাজী প্রিয়াঙ্কা বালা, ইসি ইয়ং।

রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু

ধরে রাখা ক্রিকেটার- স্মৃতি মান্ধানা, এলিস পেরি, রিচা ঘোষ, সাবিনেনি মেঘনা, শ্রেয়াঙ্কা পাতিল, জর্জিয়া ওয়ারেহাম, আশা সোবহানা, রেনুকা সিং, সোফি ডিভাইন, সোফি মোলিনিউ, একতা বিশট, কানিকা আহুজা, ক্যাট ক্রস, ড্যানি ওয়াট।

ছেড়ে দেয়া ক্রিকেটার- হেইদার নাইট, নাদিনে ডি ক্লার্ক, শুভা সাতিশ, দিশা কাসাত, ইন্দ্রানী রয়, শিমরান বাহাদুর, শ্রদ্ধা পোকারকার।

ইউপি ওয়ারিয়র্স

ধরে রাখা ক্রিকেটার- অ্যালিসা হিলি, কিরান ন্যাভগিরে, শোয়েতা শেহরাত, দীপ্তি শর্মা, চামারি আতাপাত, গ্রেস হ্যারিস, সোফি একলেস্টন, তাহলিয়া ম্যাকগ্রা, রাজেশ্রী গায়কোয়াড়, সায়মা ঠাকুর, অঞ্জলি সারভানি, গোহার সুলতানা, পুনম খেমার, উমা ছেত্রী, ভ্রিন্দা দীনেশ।

ছেড়ে দেয়া ক্রিকেটার- পারভাশি চোপড়া, লাক্ষমি যাদব, এস ইয়াশরি, লরেন বেল।

## আমস্টারডামে ইসরায়েলি ফুটবল সমর্থকদের ওপর হামলা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : নেদারল্যান্ডসের রাজধানী আমস্টারডামে ইসরায়েলি ফুটবল সমর্থকদের ওপর হামলার ধরনকে আঘাত করে পালিয়ে যাওয়া 'হিট-অ্যান্ড-রান' বলে বর্ণনা করেছে পুলিশ। হামলাকারীরা স্কুটারে করে এসে আঘাত করে দ্রুত চলে যাওয়ায় হামলা রোধ করা যায়নি বলে জানিয়েছেন তারা।

বৃহস্পতিবার রাতে ইসরায়েলের ফুটবল ক্লাব ম্যাকাবি তেল আবিবের যেসব সমর্থক হামলার শিকার হন, তাদের একজন আদি রুবেন (২৪)। ইউরোপা লিগে ম্যাকাবি তেল আবিব বনাম অ্যাজাক্স আমস্টারডামের খেলা দেখার জন্য আমস্টারডামে গিয়েছিলেন তিনি। রুবেন বিবিসিকে জানান, (ম্যাচ শেষে) তিনি হোটেলের দিকে যাচ্ছিলেন। এ সময় একদল যুবক এসে গতিরোধ করে তাকে মেঝেতে ফেলে লাথি মারতে থাকেন। রুবেন ও তার বন্ধুদের যারা গতিরোধ করেছিলেন তাদের সংখ্যা ১০ জনের বেশি। হামলাকারীরা তাদের কাছে জানতে চান, তারা কোথা থেকে এসেছেন?

ইসরায়েলি সেনাবাহিনীকে বুঝিয়ে 'তাঁরা ইহুদি, ইহুদি, আইডিএফ, আইডিএফ' বলে চিৎকার করেন বলেও জানান রুবেন। ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনী সংক্ষেপে আইডিএফ নামে পরিচিত।

রুবেন বলেন, তারা আমার সঙ্গে হাঙ্গামা শুরু করেন। তখন আমি বুঝতে পারলাম, আমাকে পালাতে হবে। কিন্তু চারদিকে অন্ধকার ছিল এবং আমি বুঝতে পারছিলাম না কোন দিকে যাব। একপর্যায়ে আমি মেঝেতে পড়ে যাই। ১০ জন মিলে আমাকে লাথি মারতে থাকেন। তারা জোরে জোরে ফিলিস্তিন শব্দটি উচ্চারণ করছিলেন।

আঘাতের পর প্রায় ৩০ মিনিট কোনো কিছু স্পষ্ট করে দেখতে পাচ্ছিলেন না রুবেন; কিন্তু তিনি আমস্টারডামের কোনো হাসপাতালে না যাওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন। কারণ তিনি শুনেছিলেন, ওই সহিংসতার সঙ্গে ট্যাক্সিচালকেরা জড়িত ছিলেন।

তাই আমস্টারডামের হাসপাতালে না গিয়ে শুক্রবার বিকেলে একটি ফ্লাইটে করে ইসরায়েলে এসে চিকিৎসা নিয়েছেন বলে জানান রুবেন। তিনি মনে করেন, আগে থেকে পরিকল্পনা করে সংগঠিতভাবেই এই হামলা চালানো হয়েছে।

ম্যাকাবি তেল আবিবের আরেক সমর্থক পিনাও হামলাকে পূর্বপরিকল্পিত বলে বর্ণনা করেছেন। নেদারল্যান্ডসের সংবাদমাধ্যম এনওএসকে তিনি বলেন, মনে হয়েছে, সংঘবদ্ধভাবে এই হামলা চালানো হয়েছে। অনেক মানুষ এসেছিল। তারা আমাদের ওপর ঝাঁপিয়ে পড়েছিল। বাইরে যেতে নিরাপদ বোধ না করা পর্যন্ত আমরা হোটেলে লুকিয়ে ছিলাম।

আমস্টারডামেই বসবাস করেন সাপ্তাহিক সংবাদপত্র ডাচ জিউশের সম্পাদক এস্থার ভোয়েট। তিনি জানান, সহিংসতার ভিডিও দেখে তিনি তার বাসার দরজা ইসরায়েলি ফুটবল সমর্থকদের জন্য খুলে দেন।

ডাচ পুলিশ জানায়, ইসরায়েলি ফুটবল সমর্থকেরা গুরুতর নিপীড়নের শিকার হয়েছেন। হামলাকারীদের মধ্যে অনেকে ছিলেন তরুণ। তারা স্কুটারে এসে হামলা চালিয়েছিলেন। পাঁচজন আহত হয়েছিলেন। তবে, চিকিৎসা নিয়ে তারা হাসপাতাল ত্যাগ করেছেন। এছাড়া, আরও ২০ থেকে ৩০ জন সামান্য আঘাত পেয়েছেন।

আমস্টারডামের জোহান ক্রুইফ এলাকায় বৃহস্পতিবার ইসরায়েলের ফুটবল ক্লাব ম্যাকাবি তেল আবিব ও অ্যাজাক্স আমস্টারডামের মধ্যে ইউরোপা লিগের খেলা ছিল। এ ম্যাচে অ্যাজাক্স আমস্টারডাম ৫-০ গোলে জয়ী হয়। খেলা শেষে বৃহস্পতিবার রাতে ওই এলাকায় সংঘাত শুরু হয়।

এই হামলাকে নেদারল্যান্ডস ও ইসরায়েলের শীর্ষ নেতারা ইহুদিবিদ্বেষী বলে তীব্র নিন্দা জানিয়েছেন। ইসরায়েলি সমর্থকদের দেশে ফিরিয়ে আনতে শুক্রবার সকালে নেদারল্যান্ডসে দুটি উড়োজাহাজ পাঠান নেতানিয়াহু। ম্যাকাবির খেলোয়াড় ও অনেক সমর্থক এরই মধ্যে ইসরায়েলে ফিরে এসেছেন। নেদারল্যান্ডসের সরকারি কর্মকর্তারা জানান, ম্যাকাবি তেল আবিব ক্লাবের সমর্থক ও আমস্টারডামের বাসিন্দাদের মধ্যে কয়েক দিন ধরে উত্তেজনা চলছিল। তারপর এই হামলা হয়েছে।

পুলিশপ্রধান হোল্লা জানান, বুধবার ম্যাকাবির সমর্থকেরা একটি ট্যাক্সিতে হামলা চালায় এবং ফিলিস্তিনের একটি পতাকা পুড়িয়ে দেয়। এ ঘটনার পর ট্যাক্সি চালকেরা ম্যাকাবি সমর্থকেরা অবস্থান নিয়েছে এমন একটি স্থানের দিকে যাওয়ার চেষ্টা করেন। সেখানে ক্লাবটির প্রায় ৪০০ সমর্থক ছিলেন; কিন্তু পুলিশ তাদের ওই স্থান থেকে নিরাপদে সরিয়ে নিতে পেরেছিল। এরপর বুধবার দিবাগত রাতে শহরের ড্যাম স্কয়ারেও সংঘর্ষের ঘটনা ঘটে। কিন্তু তখন পুলিশ মোটাদাগে দুই পক্ষকে দূরে সরিয়ে রাখতে পেরেছিল।

বৃহস্পতিবার সন্ধ্যায় খেলা শুরু হওয়ার আগে পুলিশ পাহারায় ফিলিস্তিনপন্থি বিক্ষোভকারীরা মিছিল করেন। অদূরে ইসরায়েলি সমর্থকেরা থাকলেও পুলিশের উপস্থিতির কারণে তখন কোনো সংঘাত হয়নি; কিন্তু খেলা পরবর্তী হামলা ঠেকাতে পারেনি পুলিশ।

ম্যাকাবির কিছু সমর্থক ইসরায়েলে বিভিন্ন বর্ণবিদ্বেষী ঘটনার সঙ্গে জড়িত ছিলেন। তাদের ক্লাবটির ফিলিস্তিনি ও আরব খেলোয়াড়দের কটূক্তি করতে দেখা গেছে। ওই সব খেলোয়াড়কে ক্লাব থেকে বাদ দিতে তারা চাপ তৈরি করেছিলেন, এমন কথাও শোনা গেছে।

ম্যাকাবির সমর্থকেরা প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর বিরুদ্ধে বিক্ষোভকারীদের ওপরও ইতঃপূর্বে হামলা চালিয়েছিলেন।

একটি ভিডিওতে আমস্টারডামে ম্যাকাবি তেল আবিবের সমর্থকদের আক্রমণাত্মক স্লোগান দিতে দেখা গেছে।

## ওয়ানডে থেকে অবসরে যাচ্ছেন মোহাম্মদ নবী




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : আফগান তারকা মোহাম্মদ নবী টেস্ট ক্রিকেট থেকে অবসর নিয়েছেন অনেক আগেই। তবে এখনও আফগানিস্তানের জার্সিতে সাদা বলের ক্রিকেট চালিয়ে যাচ্ছেন তিনি। কিন্তু ওয়ানডেতে আর বেশি দিন দেখা যাবে না এই অলরাউন্ডারকে। ২০২৫ চ্যাম্পিয়নস ট্রফির পর এই সংস্করণের ক্রিকেট থেকে সরে দাঁড়াবেন তিনি।

আফগানিস্তান ক্রিকেট বোর্ডের (এসিবি) প্রধান নির্বাহী নাসিব খান নিশ্চিত করেছেন নবীর অবসরের কথা। নিজের সিদ্ধান্তের কথা ইতোমধ্যেই বোর্ডকে জানিয়েও দিয়েছেন নবী। বোর্ডও তার সিদ্ধান্তকে সম্মান জানিয়েছে।

নবীর অবসর প্রসঙ্গে নাসিব বলেন, 'হ্যাঁ, চ্যাম্পিয়নস ট্রফির পর নবী ওয়ানডে থেকে অবসরে যাবে এবং বোর্ডকে সে নিজের ইচ্ছের কথা জানিয়েছে। কয়েকমাস আগেই সে আমাকে বলেছিল চ্যাম্পিয়নস ট্রফির পর সে ওয়ানডে ক্যারিয়ার শেষ করতে চায়। আমরা তার সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছি।'

ওয়ানডে থেকে অবসর নিয়ে নবীর টি-টোয়েন্টি ক্রিকেট চালিয়ে যাওয়ার ইঙ্গিত পাওয়া গেছে নাসিবের কথায়। তাতে ধারণা করা যাচ্ছে, ২০২৬ সালে ভারত ও শ্রীলঙ্কায় হতে যাওয়া টি-টোয়েনিট বিশ্বকাপেও খেলতে দেখা যেতে পারে তাকে।

নাসিব বলেন, 'চ্যাম্পিয়নস ট্রফির পর আমি বুঝতে পারছি সে টি-টোয়েন্টি ক্রিকেট চালিয়ে যাওয়ার প্রত্যাশা করছে। আপাতত এটাই তার পরিকল্পনা।'

২০০৯ সালের এপ্রিলে বেনোনিতে স্কটল্যান্ডের বিপক্ষে অভিষেক হয় নবীর। ১৫ বছরের ওয়ানডে ক্যারিয়ারে ১৬৫ ম্যাচ খেলেছেন তিনি। যেখানে ২৭.৩০ গড়ে ২ সেঞ্চুরি ও ১৭ হাফ সেঞ্চুরিতে ৩ হাজার ৫৪৯ রান করেছেন। বোলিংয়ে ৪.২৭ ইকনোমি রেটে নবীর শিকার ১৭১ উইকেট।

## চ্যাম্পিয়নস ট্রফির সিদ্ধান্ত নিতে

### ভারতকে সময় বেঁধে দিল আইসিসি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : আগামী ফেব্রুয়ারিতে পাকিস্তানে অনুষ্ঠিত হওয়ার কথা চ্যাম্পিয়নস ট্রফির আসর। দিন যত ঘনিয়ে আসছে, চ্যাম্পিয়নস ট্রফি নিয়ে ততই আলোচনা বাড়ছে। তবে টুর্নামেন্টটি খেলতে ভারত পাকিস্তানে যাবে কি না, তা এখনো অনিশ্চিত। এবার এই বিষয়ে সিদ্ধান্ত জানাতে ভারতীয় ক্রিকেট নিয়ন্ত্রণ বোর্ডকে (বিসিসিআই) এক সপ্তাহ সময় দিয়েছে আইসিসি।

মূলত চ্যাম্পিয়নস ট্রফি খেলতে ভারত দলের পাকিস্তান সফর নির্ভর করছে ভারত সরকারের ওপর। যদিও ভারতের গণমাধ্যমের দাবি হাইব্রিড মডেলে অনুষ্ঠিত হতে পারে চ্যাম্পিয়ন্স ট্রফি। তবে সেই গুঞ্জন উড়িয়ে দিয়েছেন পিসিবির এক কর্মকর্তা। পিসিবি হাইব্রিড মডেলে রাজি না বলে নিশ্চিত করা হয়েছে। ভারতের ম্যাচগুলো হতে পারে সংযুক্ত আরব আমিরাতে।

এর আগে পিসিবি ভারতের কাছে লিখিত 'হ্যাঁ' বা 'না' চেয়েছে, তাদের দল পাকিস্তানে খেলবে কি না। ভারত কিছু জানায়নি ফলে আইসিসিই ভারতকে সময় বেঁধে দিয়েছে।

এখনো চ্যাম্পিয়নস ট্রফির সূচি আনুষ্ঠানিভাবে প্রকাশ করেনি আইসিসি। সাধারণত বড় টুর্নামেন্টের ক্ষেত্রে তিন মাসে আগেই এটা করে থাকে তারা। তবে ফাঁস হওয়া সূচি অনুযায়ী আগামী বছরের ফেব্রুয়ারি-মার্চে হওয়ার কথা। যদি ভারত প্রত্যাখ্যান করে, তাহলে আইসিসির বিকল্প ভাবনা রয়েছে বলে ধারণা পাওয়া গেছে। সেক্ষেত্রে দুবাই বা শ্রীলঙ্কা হতে পারে ভারতের ভেন্যু।

২০২৫ চ্যাম্পিয়ন্স ট্রফিতে খেলবে আট দল। স্বাগতিক পাকিস্তানের সঙ্গে রয়েছে ভারত, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ইংল্যান্ড, সাউথ আফ্রিকা, আফগানিস্তান ও বাংলাদেশ। 'মিনি বিশ্বকাপ' খ্যাত চ্যাম্পিয়নস ট্রফি সবশেষ আয়োজিত হয়েছিল ২০১৭ সালে। লন্ডনের ওভালে সেই ফাইনালে ভারতকে ১৮০ রানে হারিয়ে শিরোপা ঘরে তুলে পাকিস্তান।

## কুমির-হাঙরের হাত থেকে

### যেভাবে বাঁচলেন ইয়ান বোথাম!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : অস্ট্রেলিয়ার মোয়লে নদীতে মাছ ধরতে গিয়েছিলেন ইয়ান বোথাম। যে নদীতে কুমিরও থাকে। ইংল্যান্ডের সাবেক ক্রিকেটার অসাবধানবশত পানিতে পড়ে যান। বন্ধু মার্ভ হিউজ তাকে পানি থেকে টেনে তোলেন।

নৌকা করে যাচ্ছিলেন বোথাম এবং অস্ট্রেলিয়ার সাবেক ক্রিকেটার হিউজ। সেই সময় দড়িতে ইংরেজ ক্রিকেটারের জুতা আটকে যায়। তাতেই বিপত্তি। পানিতে পড়ে যান তিনি। যে নদীতে শুধু কুমির নয়, রয়েছে বুল হাঙরও (এই বিশেষ ধরনের হাঙর নদীতে থাকে)। হিউজ দ্রুত বোথামকে তুলে নেওয়ায় কোনও দুর্ঘটনা হয়নি। তবে সারা গায়ে কেটেছিড়ে গেছে। বোথাম বলেন, "কুমিরের পেটে যাওয়ার থেকে বেঁচেছি। যত তাড়াতাড়ি জলে পড়েছি, তার থেকেও বেশি তাড়াতাড়ি উঠে এসেছি। জলের তলায় কয়েক জোড়া চোখ হয়তো আমাকে দেখেছে, তবে তারা কিছু বুঝে ওঠার আগেই আমি উঠে পড়েছিলাম। এখন আমি ঠিক আছি।"

বোথাম এবং হিউজ মাছ ধরতে ভালবাসেন। খেলোয়াড় জীবন থেকেই তারা বন্ধু। যদিও এক জন খেলতেন ইংল্যান্ডের হয়ে, অন্য জন ছিলেন অস্ট্রেলিয়ার। দেশ আলাদা হলেও তাদের বন্ধুত্বে কোনো ভাটা পড়েনি। বোথাম বলেন, "গল্‌ফ বা শুটিংয়ের থেকে মাছ ধরতে আমি বেশি ভালোবাসি। নদীর একটা ব্যাপার আছে। তবে লন্ডনে তেমন মাছ ধরার সুযোগ নেই। লন্ডন শুধু খাওয়াদাওয়ার জন্য ঠিক আছে, আমি কান্ট্রিসাইডেই থাকতে ভালবাসি।"

## বাবরকে যে পরামর্শ দিলেন পন্টিং




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : বাইশ গজের ক্রিজে কঠিন সময় পার করছেন বাবর আজম। বেশ কিছুদিন ধরেই নিজের মতো করে পারফর্ম করতে পারছেন না। সম্প্রতি সাদা বলের ক্রিকেটে অধিনায়কত্বও ছেড়েছেন তিনি। আর লাল বলের ক্রিকেটে তো দলেই জায়গা হারিয়েছেন। বাজে সময় কাটিয়ে ফর্মে ফিরতে বিরাট কোহলিকে অনুসরণ করার পরামর্শ দিয়েছেন রিকি পন্টিং।

কোহলিও ক্যারিয়ারের এক পর্যায়ে রান খরায় ভুগেছেন। এরপর ক্রিকেট থেকে সাময়িক বিরতিও নিয়েছিলেন তিনি। এর সুফলও পেয়েছেন ভারতীয় এই ব্যাটার। আবারও ছন্দে ফিরেছেন তিনি।

পন্টিং বলেন, 'আপনি বাবরের রেকর্ড-পরিসংখ্যান দেখে বিরাট কোহলির উদাহরণ টানতে পারেন। রেকর্ড বলবে বিরাট কোহলি ঘুরে দাঁড়িয়েছে। এটা শুধু হয়েছে তার সাময়িক বিরতির জন্য। সে খেলা থেকে নিজেকে সরিয়ে নিয়েছিল কিছুদিনের জন্য সতেজ হওয়ায় জন্য এবং নিজেকে গুছিয়ে নেয়ার জন্য।'

পন্টিং মনে করেন বাবরের এখন বড় চ্যালেঞ্জ টেস্ট দলে ফেরা। এজন্য পাকিস্তান ক্রিকেট বোর্ডকে উপায় খুঁজে বের করার পরামর্শ দিয়ে তিনি বলেছেন, 'সবচেয়ে বড় চ্যালেঞ্জ হচ্ছে সে কীভাবে দলে ফেরে। তাদের খুঁজে বের করতে হবে বাবর কীভাবে নিজের সেরা ফর্মে ফিরবে এবং টেস্ট দলে কীভাবে ফেরানো যায়।'

'বাবরের ঠিক এটাই দরকার হতে পারে। বাবরকে কিছুদিনের জন্য ক্রিকেট থেকে দূরে সরে যেতে হবে এবং ক্রিকেট নিয়ে ভাবনা বন্ধ করতে হবে। তার কিট ব্যাগ কিছুদিনের জন্য লক করে রাখা উচিত এবং অন্যকিছু নিয়ে চিন্তা করা উচিত। তারপর আবারও সে উদ্যম নিয়ে ফেরত আসবে। কারণ আমরা জানি সে কতটা ভালো। আশা করি তার ক্যারিয়ারের বাকি অংশে আবার সেটা দেখতে পাব।'-যোগ করেন তিনি।

স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR